

♣ উত্তরপত্র

১০-১২ তম বিসিএস সাধারণ বিজ্ঞান

Total questions : 39 Total marks : 39

1) বৈদ্যুতিক পাখা ধীরে ধীরে ঘুরলে বিদ্যুৎ খরচ _____

1)

কম হয়

2)

বেশি হয়

✓ 3)

একই হয়

4)

খুব কম হয়

ব্যাখ্যা : এই প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য প্রথমেই আমাদের বৈদ্যুতিক পাখার কার্যপ্রণালী সম্পর্কে কিছুটা জেনে নিতে হবে। সর্বাগ্রে দেখা যাক বৈদ্যুতিক পাখা ঘোরে কীভাবে :

একটি পাখায় একটি বৈদ্যুতিক মোটর এবং কয়েকটি ধাতব ব্লেড (সাধারণত ৩টি), সংযুক্ত থাকে। যখন আমরা একটি পাখার সুইচ অন করি, তখন ভোল্টেজের পার্থক্যের জন্য মোটরটির মধ্য দিয়ে বিদ্যুৎ যায় এবং তার ফলাফল হিসাবেই পাখাটি ঘুরতে থাকে। নিয়ন্ত্রক বা রেগুলেটর মোটরের ভোল্টেজ নিয়ন্ত্রণ করে এবং মোটরের মধ্য দিয়ে প্রবাহিত বিদ্যুতের পরিমাণ কমিয়ে বা বাড়িয়ে দেয়।

সুতরাং, একটি পাখার ভোল্টেজের মাত্রা নিয়ন্ত্রণ সম্পূর্ণরূপে তার নিয়ন্ত্রক বা রেগুলেটরের ওপর নির্ভরশীল। আর একটি পাখার ভোল্টেজের পরিমাণ তার ঘূর্ণন গতির সমানুপাতী, অর্থাৎ ভোল্টেজ যত বাড়বে, পাখার গতিও ততটাই বাড়বে।

এখন, বিভিন্ন রেগুলেটর ও তাদের কর্মপদ্ধতি নিয়ে আলোচনা করা যাক : এই মুহূর্তে, বাজারে মোটামুটি ২ ধরনের রেগুলেটর পাওয়া যায় —

ইলেক্ট্রিক রেগুলেটর (Electric Regulator) : এই রেগুলেটরগুলিতে পাখার ভোল্টেজ হ্রাস করার জন্য রোধ বসানো থাকে। যখন পাখার ভোল্টেজ কমানো হয় তখন রোধটি উত্পন্ন হয়ে ওঠে আর বিদ্যুৎ সরবরাহ কমার কারণে পাখার গতিও কমে যায়। কিন্তু এর ফলে পাখার ভোল্টেজ তথা গতি কমিয়ে যে বিদ্যুৎ বাঁচানো হয়, সেই বিদ্যুৎ এই রোধ - মধ্যস্থ তাপশক্তিতে রূপান্তরিত হয়ে যায়। অর্থাৎ শেষ পর্যন্ত, এই রেগুলেটরের মাধ্যমে পাখার গতি কমিয়ে বিদ্যুৎ খরচ বিশেষ কমে না বললেই চলে। ফলে ইলেকট্রিক্যাল রেগুলেটর ব্যবহার করলে ফ্যানের গতি কম - বেশির সাথে রেগুলেটর লস যথাক্রমে বেশি ও কম হয় ফলে বৈদ্যুতিক পাখার গতি যাই হোক, বিদ্যুৎ খরচ প্রায় একই হয়। **ইলেকট্রনিক রেগুলেটর (Electronic Regulator) :** এই রেগুলেটরগুলিতে পাখার ভোল্টেজ হ্রাস করার জন্য মূলতঃ ট্রায়াক থাকে যার গেটে ট্রিগার নিয়ন্ত্রণ করে ফ্যানের ভোল্টেজের সাইন ওয়েভকে নিয়ন্ত্রণ করা হয় এবং ভোল্টেজের আরএমএস ড্যালুকে পরিবর্তন করে ফ্যানের গতি নিয়ন্ত্রণ করা হয়। এইগুলি কখনই গরম হয়ে ওঠে না, ফলে পাখা যখন কম গতিতে চলে তখন যথেষ্ট বিদ্যুৎ সাশ্রয় হয়। সাধারণত

ইলেকট্রনিক রেগুলেটরগুলি ইলেক্ট্রিক রেগুলেটরগুলির থেকে প্রায় ৪০ শতাংশ বেশী বিদ্যুতসাপ্রয়ী। তাই পরিশেষে বলা যেতে পারে, বৈদ্যুতিক পাখা কম গতিতে চালালে বিদ্যুৎ খরচ তখনই কম হবে যখন ইলেক্ট্রিক রেগুলেটরের পরিবর্তে ইলেকট্রনিক রেগুলেটর ব্যবহৃত হবে।

২) প্রেসার কুকারে রান্না তাড়াতাড়ি হয়, কারন-

১)

বন্ধ পাত্রে তাপ সংরক্ষিত হয়

২)

সঞ্চিত বাষ্পের তাপ রান্নার সহায়ক

✓ ৩)

উচ্চ চাপে তরলের স্ফুটনাংক বৃদ্ধি পায়

৪)

রান্নার জন্য শুধু তাপ নয় চাপও কাজে লাগে

ব্যাখ্যা : প্রেসার কুকারে রান্না তাড়াতাড়ি হওয়ার কারণ উচ্চচাপ প্রয়োগে তরলের স্ফুটনাংক বৃদ্ধি পায়। প্রেসার কুকারে বাষ্পের বহির্গমন নিয়ন্ত্রণ করার মাধ্যমে অভ্যন্তরীণ চাপ বৃদ্ধির ফলে পানির স্ফুটনাঙ্ক বৃদ্ধি পেয়ে ১৩০° সেন্টিগ্রেড পর্যন্ত পৌঁছে। এ কারণে প্রেসার কুকারে রান্না তাড়াতাড়ি হয়।

৩) পৃথিবীর ঘূর্ণনের ফলে আমরা ছিটকিয়ে পড়ি না-

১)

পৃথিবীর সংস্বে আমাদের আবর্তনের জন্য

২)

অভিকর্ষজ স্বরণের জন্য

৩)

মহাকর্ষ বলের জন্য

✓ ৪)

মাধ্যাকর্ষণ বলের জন্য

ব্যাখ্যা : পৃথিবী তার কেন্দ্রাভিমুখে সকল বস্তুকে যে বল দ্বারা আকর্ষণ করে সেই বলকে অভিকর্ষ বল বা মাধ্যাকর্ষণ বল বলে। সর্বপ্রথম নিউটন অভিকর্ষজ বল সম্পর্কে ধারণা দিয়েছিলেন। এই সৌরজগতের যে কোনো দুটি বস্তুর মধ্যে যে আকর্ষণ বল কাজ করে তাকে মহাকর্ষীয় বল বলে। আর এই দুটি বস্তুর মধ্যে একটি যদি পৃথিবী হয় তখনই এই বলকে অভিকর্ষজ বল বলে। অভিকর্ষজ বল “মাধ্যাকর্ষণ শক্তি” নামেও সাধারণের কাছে পরিচিত, যদিও বল ও শক্তি এক জিনিস নয়

4) নিচের কোনটি জীবাশ্ম জ্বালানী নয়?

- 1)
পেট্রোলিয়াম
- 2)
কয়লা
- 3)
প্রাকৃতিক গ্যাস
- ✓ 4)
বায়োগ্যাস

ব্যাখ্যা : কোটি বছর পূর্বে গাছ গাছড়া, জীবজন্তু প্রভৃতি প্রচলিত ভূমিকম্প বা কোন প্রাকৃতিক বিপর্যয়ের কারণে কাদা ও বালির বেশ গভীরে ঢাকা পড়ে। ভুল অভ্যন্তরে প্রচলিত চাপে ও তাপে এসব পদার্থের জৈব বিধ্বংসী পাতন ঘটে এবং পেট্রোলিয়াম, কয়লা ও প্রাকৃতিক গ্যাস আকারে ভূ অভ্যন্তর ভাগে অবস্থান করে। এদেরকে জীবাশ্ম জ্বালানী বলে। বায়োগ্যাস জীবাশ্ম জ্বালানী নয় কারণ বায়োগ্যাস কৃত্রিম উপায়ে তৈরি করা হয়।

5) 'মা ও মণি' হলো -

- ✓ 1)
একটি ক্রীড়া প্রতিযোগিতার নাম
- 2)
একটি প্রসাধনী শিল্পের নাম

3)
একটি উপন্যাসের নামখ. একটি গরিব মা ও মেয়ের গল্প কাহিনীগ. একটি ক্রিয়া প্রতিযোগিতার নামঘ. একটি প্রসাধনী শিল্পের নামউত্তর : গ. একটি ক্রিয়া প্রতিযোগিতার নাম

- 4)
একটি গরিব মা ও মেয়ের গল্প কাহিনী

ব্যাখ্যা : ঢাকায় সর্বশেষ ১৯৯২ সালে ক্লাবগুলোকে নিয়ে আন্তর্জাতিক টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছিল। সেটির নাম ছিল 'মা মনি গোল্ডকাপ'।

6) সমুদ্র পৃষ্ঠে বায়ুর চাপ প্রতি বর্গ সেঃ মিঃ-

- ✓ 1)
১০ নিউটন

2)
৭৬ নিউটন

3)
১৫ নিউটন

4)
১৭ নিউটন

ব্যাখ্যা : সমুদ্রপৃষ্ঠে বায়ুর স্বাভাবিক চাপ প্রতি বর্গ সে, মি = ১০ নিউটন / ১.০১৯৭১৬ কিলোগ্রাম শক্তি
সমুদ্রপৃষ্ঠে বায়ুর স্বাভাবিক চাপ = ৭৬ সে, মি / ২৯.৯২ ইঞ্চি / ৭৬০ মিলিমিটার পারদ স্তম্ভের সমান।।

7) আকাশে বিজলি চমকায়-

✓ 1)
মেঘের অসংখ্য পানি ও বরফ কনার মধ্যে চার্জ সঞ্চিত হলে

2)
মেঘের মধ্যে বিদ্যুৎ কোষ তৈরি হলে

3)
দুই খণ্ড মেঘ পরস্পর সংঘর্ষে এলে

4)
মেঘ বিদ্যুৎ পরিবাহী অবস্থায় এলে

ব্যাখ্যা : ধনাত্মক ও ঋণাত্মক চার্জযুক্ত দুটি মেঘ কাছাকাছি আসলে আকর্ষণের ফলে চার্জ এক মেঘ থেকে অন্য মেঘে দ্রুত ছুটে যায়। ফলে ইলেক্ট্রনের (চার্জ) গতিপথে যে তীব্র আলোক উৎপন্ন হয় তাকে বিজলী চমকানো বলে।

8) অধিকাংশ ফটোকপি মেশিন কাজ করে-

✓ 1)
পোলারয়েড ফটোগ্রাফি পদ্ধতিতে

2)
অফসেট মুদ্রন পদ্ধতিতে

3)
ডিজিটাল ইমেজিং পদ্ধতিতে

4)
স্থির বৈদ্যুতিক ইমেজিং পদ্ধতিতে

ব্যাখ্যা : 'পোলারয়েড' বিশেষভাবে তৈরি স্বচ্ছ মাধ্যম। এর মধ্যে দিয়ে সাধারণ আলো পাঠালে সমবর্তিত আলো পাওয়া যায়। এ সূত্র কাজে লাগিয়ে ফটোকপি মেশিন তৈরি করা হয়। বোদ চশমা, ক্যামেরার লেন্সের সামনে লাগানোর ফিল্টার ইত্যাদিতে আলোর ঝলসানোভাব কমানোর জন্য পোলারয়েডের ব্যবহার রয়েছে।

9)

শহরের রাস্তায় ট্রাফিক পুলিশ সাধারণত সাদা ছাতা ও সাদা জামা ব্যবহার করে থাকে, কারণ-

1)

দেখতে সুন্দর লাগে

✓ 2)

তাপ বিকিরণ থেকে বাচার জন্য

3)

সরকারি নির্দেশ

4)

দূর থেকে চোখে পড়বে বলে

ব্যাখ্যা :

সাদা কাপড় তাপ বিকিরণ করে অথচ রঙ্গীন কাপড় তাপ শোষণ করে। মূলতঃ তাপ থেকে বাঁচতেই সাদা কাপড় পড়ে।

10)

দূরের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হতে বিদ্যুৎ নিয়ে আসতে হলে হাইভোল্টেজ ব্যবহার করার কারণ-

1)

এতে কমে গিয়েও প্রয়োজনীয় ভোল্টেজ বজায় থাকে

2)

অধিক বিদ্যুৎ প্রবাহ পাওয়া যায়

3)

প্রয়োজন মত ভোল্টেজ কমিয়ে ব্যবহার করা যায়

✓ 4)

এতে বিদ্যুতের অপচয় কম হয়

11)

মৌলিক পর্দাখের ক্ষুদ্রতম কণা যা রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণ করে তাকে বলা হয় -

- 1)
অণু
- 2)
ইলেকট্রন
- 3)
প্রোটন
- ✓ 4)
পরমাণু

12) প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো -

- 1)
হাইড্রোজেন গ্যাস
- ✓ 2)
মিথেন
- 3)
কার্বন মনোক্সাইড
- 4)
নাইট্রোজেন গ্যাস

13) নবায়ন যোগ্য শক্তি উৎসের একটি উদাহরণ হলো-

- 1)
পারমাণবিক জ্বালানী
- 2)
পীট কয়লা
- 3)
ফুয়েল সেল
- ✓ 4)
সূর্য

ব্যাখ্যা : সূর্য থেকে প্রতিনিয়ত যে পরিমাণ শক্তি পৃথিবীতে এসে পৌঁছায় তা সূর্যের উৎপন্ন শক্তির দুই শত কোটি ভাগের এক ভাগ মাত্র। এই সৌরশক্তির অফুরন্ত ভাণ্ডার আমাদের প্রতিদিনের নানারকম কাজের চাহিদা মেটায়। বর্তমানে সৌরশক্তিকে ব্যবহার করে বাষ্প উৎপাদনের মাধ্যমে টারবাইন ও জেনারেটরের সাহায্যে বিদ্যুৎ উৎপাদন করা হয়। এ ছাড়া রান্নার কাজে সৌরচুল্লি ব্যবহার করা হয়ে থাকে। এই সৌরশক্তি বারবার ব্যবহার করা যাবে। কখনোই শেষ হবে না। তাই সৌর শক্তিকে নবায়নযোগ্য শক্তি বলা হয়। পৃথিবীতে প্রায় 99.97% শক্তির উৎস হলো সূর্য। সূর্যই সকল শক্তির মূল উৎস।

14) মানুষের ক্রোমোজোমের সংখ্যা কত?

✓ 1)

২৩ জোড়া

2)

২০ জোড়া

3)

২২ জোড়া

4)

২৫ জোড়া

ব্যাখ্যা : মানুষের দেহকোষে ৪৬ টি বা ২৩ জোড়া ক্রোমোজোম বিদ্যমান। যার মধ্যে ২২ জোড়া অটোজম আর ১ জোড়া সেক্স ক্রোমোজম।

15)

কাজ করার সামর্থ্যকে বলে -

✓ 1)

শক্তি

2)

ক্ষমতা

3)

কাজ

4)

বল

16)

সাধারণ ড্রাইসেলে ইলেকট্রোড হিসেবে থাকে-

1)
তামার দন্ড ও টিনের দন্ড

2)
তামার দন্ড ও দস্তার দন্ড

3)
কার্বন দন্ড ও দস্তার কৌটা

✓ 4)
তামার দন্ড ও দস্তার কৌটা

17)
যে তিনটি মুখ্য বর্ণের সমন্বয়ে অন্যান্য বর্ণ সৃষ্টি করা যায় সেগুলি হল-

1)
লাল-হলুদ-নীল

2)
হলুদ-সবুজ-নীল

✓ 3)
লাল-নীল-সবুজ

4)
লাল-কমলা-বেগুনী

18) নিচের কোন উক্তিটি সঠিক?

1)
বায়ু একটি মৌলিক পদার্থ

2)
বায়ু একটি যৌগিক পদার্থ

3)
বায়ু বলতে অক্সিজেন ও নাইট্রোজেনকেই বুঝায়

✓ 4)

বায়ু একটি মিশ্র পদার্থ

ব্যাখ্যা : বায়ু একটি মিশ্র পদার্থ - উক্তিটি সঠিক।

শ্বাস - প্রশ্বাস ও সালোকসংশ্লেষণের জন্য ব্যবহৃত বায়ুমণ্ডলীয় গ্যাসসমূহের প্রদত্ত প্রচলিত নাম বায়ু বা বাতাস। পরিমাণের দিক থেকে শুষ্ক বাতাসে ৭৮.০৯% নাইট্রোজেন, ২০.৯৫% অক্সিজেন, ০.৯৩% আর্গন, ০.০৩% কার্বন ডাইঅক্সাইড এবং সামান্য পরিমাণে অন্যান্য গ্যাস থাকে। বাতাসে এছাড়াও পরিবর্তনশীল পরিমাণ জলীয় বাষ্প রয়েছে যার গড় প্রায় ১%।

19) ধানের ফুলে পরাগ সংযোগ ঘটে -

✓ 1)

বাতাসের সাহায্যে পরাগ করে পড়ে

2)

কীটপতঙ্গের

3)

ফুলে ফলে সংস্পর্শে

4)

পাতা দ্বারা স্থানান্তরিত হয়ে

ব্যাখ্যা : ধানগাছ বীজ অঙ্কুরিত হওয়ার পর জগকান্ড ও জগমূল যথাক্রমে ধানের কান্ড ও গুচ্ছমূলে পরিণত হয়। কান্ড পর্বসন্ধি ও পর্বমধ্য দ্বারা গঠিত। কান্ড থেকে উৎপন্ন পাতা একটি লম্বা পত্রফলক ও চ্যাপ্টা বৃত্তের সমন্বয়ে গঠিত। সর্বশেষ পাতাকে ধ্বজাপত্র বলে, তাতে থাকে শেষ পর্বমধ্য বা যৌগমঞ্জরি (panicle)। সাধারণ জাতের ধানের তুলনায় উচ্চফলনশীল জাতগুলি অধিক সংখ্যক কুঁশি ও দানা উৎপাদন করে, তাই এদের ফলনও বেশি। ধানের ফুলে পরাগ সংযোগ ঘটে বাতাসের সাথে পরাগ ঝড়ে পড়ে।

20)

সংকর ধাতু পিতলের উপাদান হল-

1)

তামা ও টিন

✓ 2)

তামা ও দস্তা

3)

তামা ও নিকেল

4)

তামা ও সীসা

21)

রংধনু সৃষ্টির বেলায় পানির কণাগুলো -

1)

লেঙ্গের কাজ করে

2)

আতশী কাচের কাজ করে

3)

দর্পনের কাজ করে

✓ 4)

প্রিজমের মতো কাজ করে

22)

কচু শাক বিশেষভাবে মূল্যবান যে উপাদানের জন্য তা হলো-

1)

ভিটামিন এ

2)

ভিটামিন-সি

3)

ক্যালসিয়াম

✓ 4)

লৌহ

ব্যাখ্যা :

কচুতে আছে প্রচুর ফাইবার, ফোলেট ও থায়ামিন যা মানব শরীরের জন্য অনেক দরকারি উপাদান।

- কচুশাকে প্রচুর পরিমাণ লৌহ নামক খনিজ পদার্থ থাকে।
- কচু শাকে ভিটামিন-এ প্রচুর পরিমাণে পাওয়া যায়।

কচু খেলে রক্তের কোলেস্টরল কমে তাই উচ্চরক্ত চাপের রোগীদের জন্য ওল কচুর রস বেশ উপকারী।

23)

কোন বস্তুকে পানিতে সম্পূর্ণভাবে ডুবালে পানিতে যেখানে এটা রাখা যায় সেখানেই থাকে কারন-

1)

বস্তুর ঘনত্ব পানির ঘনত্বের চেয়ে বেশি

✓ 2)

বস্তুর ঘনত্ব পানির ঘনত্বের সমান

3)

বস্তুর ঘনত্ব পানির ঘনত্বের সমান

4)

বস্তু ও পানির ঘনত্বের মধ্যে নিবিড় সম্পর্ক বিদ্যমান

24)

যে বায়ু সর্বদাই উচ্চচাপ অঞ্চল হতে নিম্নচাপ অঞ্চলের দিকে প্রবাহিত হয় তাকে বলা হয়-

1)

আয়না বায়ু

2)

প্রত্যয়ন বায়ু

3)

মৌসুমী বায়ু

✓ 4)

নিয়ত বায়ু

25) মাইক্রোওয়েভের মাধ্যমে যে টেলিযোগাযোগ ব্যবস্থা আমাদের দেশে প্রচলিত তাতে মাইক্রোওয়েভ অধিকাংশ দূরত্ব অতিক্রম করে -

1)

খোলামেলা জায়গায় মধ্য দিয়ে সরলরেখায়

2)

বিশেষ ধরনের ক্যাবলের মধ্য দিয়ে

3)

ভূমি ও আয়োনোস্ফায়ারের মধ্যে প্রতিফলন হতে হবে

✓ 4)

ওয়েড গাইডের মধ্য দিয়ে

ব্যাখ্যা : মাইক্রোওয়েভের মাধ্যমে যে টেলিযোগাযোগ ব্যবস্থা আমাদের দেশে প্রচলিত তাতে মাইক্রোওয়েভ অধিকাংশ দূরত্ব অতিক্রম করে - - ওয়েড গাইডের মধ্য দিয়ে

26) কাঁচ তৈরির প্রধান কাঁচামাল হলো -

✓ 1)

বালি

2)

জিপসাম

3)

চুনাপাথর

4)

মাটি ও বালি

ব্যাখ্যা : কাঁচের প্রধান উপাদান হচ্ছে বালি বা সিলিকা। আজকের দিনে আমাদের যে কাঁচ তৈরি পদ্ধতি রয়েছে, তাতে যে মূল তিনটি উপাদান প্রয়োজন হয় সেগুলি হল কোয়ার্টজ(সিলিকা), সোডা, এবং চুন। যখন এগুলির মিশ্রণকে ১২০০ ডিগ্রি সেন্টিগ্রেডে উত্তপ্ত করা হয়, তখন এগুলি গলতে শুরু করে এবং তৎক্ষণাৎ যদি ঠাণ্ডা করা যায় তাহলে কাঁচের জন্ম হয়।

27)

জলজ উদ্ভিদ অনেক ভাসতে পারে কারণ-

1)

এদের পাতা অনেক কম থাকে

✓ 2)

এদের কান্ডে অনেক বায়ু কুঠুরী থাকে

3)

এরা অনেক ছোট হয়

4)

এরা পানিতে থাকে

28)

মাছ অক্সিজেন নেয়-

1)

মাঝে মাঝে পানির উপর নাক তুলে

2)

পানিতে অক্সিজেন ও হাইড্রোজেন বিশিষ্ট করে

✓ 3)

পানির মধ্যে দ্রবীভূত বাতাস হতে

4)

পটকার মধ্যে জমানো বাতাস হতে

29)

আমাদের দেহ কোষ রক্ত হতে গ্রহণ করে-

1)

এমাইনো এসিড ও কার্বনডাই অক্সাইড

2)

ইউরিয়া ও গ্লুকোজ

3)

অক্সিজেন ও রক্তের আমিষ

✓ 4)

অক্সিজেন ও গ্লুকোজ

30)

বৈদ্যুতিক মটর এমন একটি যন্ত্রকৌশল যা -

1)

তাপ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করে

2)

তাপ শক্তিকে স্থিরিত শক্তিতে রূপান্তরিত করে

✓ 3)

তড়িৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করে

4)

যান্ত্রিক শক্তিকে স্থিরিত শক্তিতে রূপান্তরিত করে

31)

সৌরকোষের বিদ্যুৎ রাতেও ব্যবহার করা সম্ভব যদি এর সঙ্গে থাকে -

1)

ক্যাপাসিটর

2)

জেনারেটর

3)

ট্রান্সফরমার

✓ 4)

স্টোরেজ ব্যাটারি

32)

ইস্পাত সাধারণ লৌহ থেকে ভিন্ন, কারণ এতে -

1)

লোহাকে টেম্পারিং করা হয়েছে

2)

সব বিজাতীয় দ্রব্য বের করে দেয়া হয়েছে

3)

বিশেষ ধরনের আকরিক ব্যবহার করা হয়েছে

✓ 4)

সুনিয়ন্ত্রিত পরিমাণ কার্বন।

33)

সমুদ্র স্রোতের অন্যতম কারণ -

- 1)
সমুদ্রের ঘূর্ণিঝড়
- 2)
সমুদ্রের পানিতে ঘনত্বের তারতম্য
- 3)
সমুদ্রের পানিতে তাপের পরিচালনা
- ✓ 4)
বায়ু প্রবাহের প্রভাব

34)

পানিতে নৌকার বৈঠা বাঁকা দেখা যাওয়ার কারণ, আলোর -

- ✓ 1)
প্রতিসরণ
- 2)
পোলারায়ন
- 3)
পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন
- 4)
বিচ্ছুরণ

35)

সাধারণ স্টোরেজ ব্যাটারিতে সীসার ইলেক্ট্রোডের সঙ্গে যে তরলটি ব্যবহার হয় তা হল -

- 1)
নাইট্রিক এসিড
- 2)
এমোনিয়াম ক্লোরাইড
- 3)
হাইড্রোক্লোরিক এসিড
- ✓ 4)

সালফিউরিক এসিড

36)

প্রবল জোয়ারের কারণ এ সময় -

✓ 1)

সূর্য, চন্দ্র, ও পৃথিবী এক সরলরেখায় থাকে

2)

সূর্য ও চন্দ্র পৃথিবীর সঙ্গে সমকোণ করে থাকে

3)

চন্দ্র পৃথিবীর সবচেয়ে কাছে থাকে

4)

পৃথিবী সূর্যের সবচেয়ে কাছে থাকে

37)

গ্রীন হাউজ এফেক্ট বলতে বোঝায় -

✓ 1)

তাপ আটকে পড়ে সার্বিক তাপমাত্রা বৃদ্ধি

2)

গাছপালা আচ্ছাদন নষ্ট হয়ে মরুভূমির বিস্তার

3)

সূর্যালোকের অভাবে সালোক সংশ্লেষনে ঘাটতি

4)

প্রাকৃতিক চাষের বদলে ক্রমবর্ধমানভাবে কৃত্রিম চাষের প্রয়োজনীয়তা

38)

ফিউশন প্রক্রিয়ায়-

✓ 1)

একটি পরমাণু ভেঙ্গে প্রচণ্ড শক্তি সৃষ্টি করে

2)

একটি পরমাণু ভেঙ্গে দুটি পরমাণু সৃষ্টি হয়

3)

ভারি পরমাণু ভেঙ্গে হালকা পরমাণু গঠিত হয়

4)

একাধিক পরমাণু যুক্ত হয়ে নতুন পরমাণু গঠন করে

39)

রান্না করার হাড়ি পাতিল সাধারণত এলুমিনিয়ামের তৈরি হয় এর প্রধান কারন -

1)

এটি হালকা ও দামে সস্তা

✓ 2)

এতে দ্রুত তাপ সঞ্চারিত হয়ে খাদ্য দ্রব্য তাড়াতাড়ি সিদ্ধ হয়

3)

এটি সব দেশেই পাওয়া যায়

4)

এটি সহজে ভেঙ্গে যায় না এবং বেশি গরম সহ্য করতে পারে

♣ উত্তরপত্র

১৩-১৬ তম বিসিএস সাধারণ বিজ্ঞান

Total questions : 33 Total marks : 33

1) উচ্চ পর্বতের চূড়ায় ওঠলে নাক দিয়ে রক্তপাতের সম্ভাবনা থাকে ; কারণ উচ্চ পর্বত চূড়ায় -

- 1)
অক্সিজেন কম
- 2)
ঠান্ডা বেশি
- 3)
বায়ুর চাপ বেশি
- ✓ 4)
বায়ুর চাপ কম

ব্যাখ্যা : উচ্চ পর্বতের চূড়ায় উঠলে নাক দিয়ে রক্ত পড়ার সম্ভাবনা থাকে। কারণ উচ্চ পর্বত চূড়ায় বায়ুর চাপ কম। ভূপৃষ্ঠ থেকে যত উপরে উঠা যায় বায়ুর চাপ তত কমতে থাকে। উচ্চ পর্বত চূড়ায় বায়ুর চাপ কম থাকায় শরীরের অভ্যন্তরীণ ও বাহ্যিক চাপ এর মধ্যকার ভারসাম্য নষ্ট হয়ে যাওয়ায় রক্তনালিতে প্রচন্ড চাপ পড়ে। এ চাপে রক্তনালি ছিঁড়ে নাক মুখ দিয়ে রক্তপাত এর সম্ভাবনা থাকে।

2) কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি?

- 1)
শূন্যতায়
- 2)
লোহা
- 3)
পানি
- ✓ 4)
বাতাস

ব্যাখ্যা :

মাধ্যম ছাড়া শব্দ চলাচল করতে পারে না বিধায় শূন্য মাধ্যমে শব্দ গতিহীন। মাধ্যমের ঘনত্বের ওপর শব্দের গতি নির্ভরশীল। অর্থাৎ মাধ্যম যতো ঘন হবে শব্দের গতি ততো বেশি হবে। তাই লোহার ঘনত্ব বেশি হওয়ায় পানি বা

বাতাসের চেয়ে লোহায় শব্দের গতি বেশি হবে। স্বাভাবিক অবস্থায় বাতাসে শব্দের গতি ৩৩২ মিটার/সেকেন্ড, পানিতে ১৪৫০ মিটার/সেকেন্ড এবং লোহায় ৫২২১ মিটার/সেকেন্ড।

3) পারমাণবিক বোমার আবিষ্কারক কে?

- 1)
অটোহ্যান
- ✓ 2)
ওপেনহেমার
- 3)
আইনস্টাইন
- 4)
রোজেনবার্গ

ব্যাখ্যা : মার্কিন বিজ্ঞানী রবার্ট ওপেনহাইমার ১৯৪৫ সালে পারমাণবিক বোমা আবিষ্কার করেন। ১৬ জুলাই ১৯৪৫ যুক্তরাষ্ট্র প্রথম পারমাণবিক বোমার পরীক্ষা চালায়। ৬ আগস্ট ১৯৪৫ জাপানের হিরোশিমা শহরে প্রথম পারমাণবিক বোমা নিক্ষেপ করা হয়। বর্তমানে বিশ্বের ৮ টি দেশ পারমাণবিক বোমার অধিকারী।

4) সমতান সম্পন্ন একটি টানা তারের দৈর্ঘ্য দ্বিগুণ করলে কম্পাঙ্কের কতটা পরিবর্তন ঘটবে?

- 1)
২ গুণ
- ✓ 2)
অর্ধেক হবে
- 3)
তিনগুণ হবে
- 4)
চারগুণ হবে

ব্যাখ্যা :

তড়িৎপ্রবাহ ঘনত্ব বিন্যাস, দ্বিমেরু ও উচ্চতর বহুমেরু ডায়ামক, আণবিক কম্পনের কম্পনাঙ্ক, বিক্রিয়াপ্রবণতা এবং অন্যান্য বর্ণালীবীক্ষণ সংলগ্ন বৈশিষ্ট্য,

5)

একজন সাধাৰন মানুষেৰ দেহে মোট কত টুকৰা হাড় থাকে?

✓ 1)

২০৬

2)

৩০৬

3)

৪০৬

4)

৫০৬

ব্যাখ্যা :

পূৰ্ণ বয়স্ক মানুষেৰ অস্থি সংখ্যা ২০৬ টি।

6) কোনটি চৌম্বক পদাৰ্থ?

1)

পাৰদ

2)

বিসম্মাথ

3)

এ্যাণ্টিমনি

✓ 4)

কোবাল্ট

ব্যাখ্যা :

যে পদাৰ্থকে চুম্বক আকৰ্ষণ কৰে তাকে চৌম্বক পদাৰ্থ বলে। যথা- লোহা, নিকেল ও কোবাল্ট।

7) কোন মৌলিক অধাতু সাধাৰণ তাপমাত্ৰায় তৰল থাকে?

1)

পাৰদ

2)

আয়োডিন

3)
জেনন

✓ 4)
ব্রোমিন

ব্যাখ্যা :

মৌলিক অধাতু ব্রোমিন সাধারণ তাপমাত্রায় তরল থাকে। মৌলিক ধাতু পারদ সাধারণ তাপমাত্রায় তরল থাকে।

ব্রোমিন হল একটি রাসায়নিক উপাদান যার প্রতীক Br এবং পারমাণবিক সংখ্যা 35। এটি একমাত্র অধাতু যা কক্ষ তাপমাত্রায় তরল হিসেবে থাকে। এটি তৃতীয়তম হালকা হ্যালোজেন এবং ঘরের তাপমাত্রায় একটি জুলন্ত লাল-বাদামী তরল যা একই রঙের গ্যাস গঠনের জন্য সহজেই বাষ্পীভবন হয়। এর বৈশিষ্ট্যগুলি এইভাবে ক্লোরিন এবং আয়োডিনগুলির মধ্যে মধ্যবর্তী হয়। দুটি রসায়নবিদ কার্ল জ্যাকব লুইগ (১৮২_ সালে) এবং এন্টোইন জেরেম বালার্ড (১৮২৬ সালে) দ্বারা স্বাধীনভাবে বিচ্ছিন্ন হয়ে এর নামটি প্রাচীন গ্রীক ("..."মানে দুর্গন্ধ) থেকে উদ্ভূত হয়েছিল, যা তীক্ষ্ণ গন্ধকে বোঝায়।

8) কোন স্থানে মাধ্যাকর্ষণজনিত স্বরণ ৯ গুণ বাড়লে সেখানে একটি সরল দোলকের দোলনকাল কতগুণ বাড়বে বা কমবে?

✓ 1)
৩ গুণ কমবে

2)
৯ গুণ বাড়বে

3)
৯ গুণ কমবে

4)
৩ গুণ বাড়বে

ব্যাখ্যা : মহাকর্ষ একটি প্রাকৃতিক ঘটনা যা দ্বারা সকল বস্তু একে অপরকে আকর্ষণ করে। এটির সংজ্ঞা হিসেবে বলা যায় যে, যেকোনো ভরের বস্তুদ্বয় একে অপরকে যে বলে আকর্ষণ করে তা হলো মহাকর্ষ। এখন এই আকর্ষণ যদি পৃথিবী ও অন্য কোন বস্তুর মাঝে হয় তাহলে তাকে বলা হবে অভিকর্ষ। প্রকৃতির চারটি মৌলিক বলের একটি হলো মহাকর্ষ। মহাকর্ষের কারণেই পৃথিবীসহ অন্যান্য গ্রহগুলি সূর্যের চারিদিকে ঘূর্ণায়মান থাকে। স্যার আইজাক নিউটন ১৬৮৭ খ্রিষ্টাব্দে তার ফিলোসফিয়া ন্যাচারালিস প্রিন্সিপিয়া ম্যাথামেটিকা গ্রন্থে এ বিষয়ে ধারণা প্রদান করেন। মহাকর্ষের বিশেষ উদাহরণ হলো মাধ্যাকর্ষণ বা অভিকর্ষ যার কারণে ভূপৃষ্ঠের উপরস্থ সকল বস্তু ভূকেন্দ্রের দিকে আকৃষ্ট হয়। মাধ্যাকর্ষণের প্রভাবেই উপরিস্থিত বা বুলন্ত বস্তু মুক্ত হলে ভূপৃষ্ঠে পতিত হয়। মাধ্যাকর্ষণের প্রভাবে ভরসম্পন্ন বস্তুসমূহে ওজন অনুভূত হয়। একটি বস্তুর ভর যত বেশি হয়, মাধ্যাকর্ষণের প্রভাবে তার ওজনও তত বেশি বিজ্ঞানী নিউটন সর্বপ্রথম মহাকর্ষ বলের গাণিতিক ব্যাখ্যা প্রদান করেন। এটি নিউটনের মহাকর্ষ

সূত্র নামে পরিচিত। আধুনিক পদার্থবিদ্যায় মহাকর্ষ সবচেয়ে সঠিকভাবে আপেক্ষিকতার সাধারণ তত্ত্ব (আইনস্টাইন দ্বারা প্রস্তাবিত) দ্বারা বর্ণনা করা হয়। আইনস্টাইনের মতে স্থান - কালের বক্রতার কারণেই মহাকর্ষ বল সৃষ্টি হয়।

9) সিনেমাস্কোপ প্রজেক্টারে কোন ধরনের লেন্স ব্যবহৃত হয়?

- 1)
উত্তল
- 2)
জুম
- 3)
সিলিন্ড্রিক্যাল
- ✓ 4)
অবতল

ব্যাখ্যা : অবতল লেন্স

যে লেন্সের মধ্যভাগ সরু ও এর প্রান্তভাগ ক্রমশ ক্রমশ মোটা, তাকে অবতল লেন্স বলে। অবতল লেন্সের ফোকাস দূরত্ব ঋণাত্মক হয়। তলের আকৃতির ওপর নির্ভর করে অবতল লেন্সও তিন প্রকারের। যথা :

- উভাবতল বা দ্বি - অবতল লেন্স
- উত্তলাবতল (উত্তল - অবতল) লেন্স
- সমতলাবতল (সমতল - অবতল) লেন্স

10) রেলওয়ে স্টেশনে আগমনরত ইঞ্জিনে বাঁশি বাজাতে থাকলে প্লাটফর্মে দাঁড়ান ব্যক্তির কাছে বাঁশীর কম্পনাক্ষ-

- 1)
আসল গতির সাথে সম্পর্কযুক্তভাবে কমে যাবে
- ✓ 2)
আসলের চেয়ে বেশী হবে
- 3)
আসলের চেয়ে কম হবে
- 4)
আসলের সমান হবে

ব্যাখ্যা :

শব্দের উৎস থেকে কম্পনাক্ষ যেদিকে যায়, শব্দের উৎস তথা ট্রেন সেদিকেই এগোতে থাকলে কম্পনাক্ষের ঘনত্ব বাড়ে, এতে শব্দের তীব্রতা বাড়ে

11) দৃশ্যমান বর্ণালীর ক্ষুদ্রতম তরঙ্গ দৈর্ঘ্য কোন রঙের আলো?

- 1)
লাল
- 2)
সবুজ
- 3)
নীল
- ✓ 4)
বেগুনি

ব্যাখ্যা : তড়িৎ চুম্বকীয় বর্ণালির সেই অংশ যা মানুষের চোখে দৃশ্যমান অর্থাৎ $4 \times 10^{-7} \text{ m}$ হতে $7 \times 10^{-7} \text{ m}$ পর্যন্ত তরঙ্গ দৈর্ঘ্য সীমার তড়িৎ চুম্বকীয় বিকিরণকে দৃশ্যমান আলো বলে। আলোকের বর্ণ নির্ধারণ করে তার তরঙ্গ দৈর্ঘ্য। দৃশ্যমান আলোর তরঙ্গ দৈর্ঘ্যের উর্ধ্বক্রম - Violet (বেগুনি) < Indigo (নীল) < Blue (আসমানী) < Green (সবুজ) < Yellow (হলুদ) < Orange (কমলা) < Red (লাল)

12) কিসের সাহায্যে সমুদ্রের গভীরতা নির্ণয় করা হয়?

- 1)
প্রতিফলন
- 2)
প্রতিসরণ
- ✓ 3)
প্রতিধ্বনি
- 4)
প্রতিসরাঙ্ক

ব্যাখ্যা : শব্দতরঙ্গ কোথাও বাধা পেয়ে উৎসে ফিরে এলে তাকে প্রতিধ্বনি বলে। ফ্যাদোমিটার যন্ত্র ব্যবহার করে সমুদ্রের গভীরতা মাপ হয়। এটি আলট্রাসনিক তরঙ্গ উৎপন্ন করে যা সমুদ্রের তলদেশ হতে প্রতিফলিত হয়ে ফিরে আসে এবং জাহাজে রক্ষিত হাইড্রোফোন যন্ত্রে ধরা পড়ে। কোনো শব্দ মূল শব্দ থেকে আলাদা হয়ে মূল শব্দের পুনরাবৃত্তি করে, তখন ঐ প্রতিফলিত শব্দকে প্রতিধ্বনি বলে।

13) সাধারণ বৈদ্যুতিক বাস্তবের ভিতরে কি গ্যাস সাধারণত ব্যবহার করা হয়?

- 1)
অক্সিজেন

✓ 2)

নাইট্রোজেন

3)

নিয়ন

4)

হিলিয়াম

ব্যাখ্যা : সাধারণ বৈদ্যুতিক বালের ভিতর নাইট্রোজেন গ্যাস ব্যবহার করা হয়। বৈদ্যুতিক টিউব লাইটে হিলিয়াম গ্যাস ব্যবহার করা হয়।

14) কোথায় সাঁতার কাটা সহজ?

1)

পুকুরে

2)

বিলে

✓ 3)

সাগরে

4)

নদীতে

ব্যাখ্যা :

পুকুরের পানির চেয়ে সমুদ্রের পানিতে সাঁতার কাটা সহজ কারণ সমুদ্রের পানিতে নানা ধরনের লবণ দ্রবীভূত থাকে। তাই সমুদ্রের পানির ঘনত্ব নদীর পানি বা পুকুরের পানির চেয়ে বেশি। ঘনত্ব বেশি হওয়ার কারণে সমুদ্রের পানির প্লবতা নদী বা পুকুরের পানির চেয়ে বেশি। ফলে সমুদ্রের পানিতে সাঁতার কাটার সময় সাঁতারুর শরীরের উপর প্লবতা বেশি হওয়ায় শরীর হালকা বলে মনে হয়। এ কারণে নদী বা পুকুরের পানির তুলনায় সমুদ্রের পানিতে সাঁতার কাটা সহজ।

15) কোন রংয়ের কাপে চা তাড়াতাড়ি ঠাণ্ডা হয়?

✓ 1)

কালো

2)

ধূসর

3)

লাল

4)

সাদা

ব্যাখ্যা : কালো রংয়ের কাপে চা দ্রুত ঠান্ডা হয় । কারণ - কালো রং তাপ শোষণ করতে পারে । আর আমরা জানি তাপ সব সময় উচ্চ তাপীয় অবস্থা থেকে নিম্ন তাপীয় অবস্থায় স্থানান্তরিত হয় ... এক্ষেত্রে চা এর কালো কাপটি হচ্ছে নিম্ন তাপীয় অবস্থা তাই তা দ্রুত তাপ শোষণ করে নেবে এবং চা তাপ বিকিরণ করে ঠান্ডা হয়ে যাবে ।

16) 'এডিকালচার' বলতে কি বোঝায়?

1)

উদ্ভয়ন সংক্রান্ত বিষয়াদি

✓ 2)

পাখি পালন বিষয়াদি

3)

বাজ পাখি পালন বিষয়াদি

4)

উডোজাহাজ ব্যবস্থাপনা

ব্যাখ্যা :

এডিকালচার - পাখিপালন বিদ্যা।

পিসিকালচার - মৎস্যচাষ বিদ্যা।

সেরিকালচার - বেশমচাষ বিদ্যা।

প্রনকালচার - চিংড়িচাষ বিদ্যা।

পার্ল কালচার - মুক্তাচাষ বিদ্যা।

এপিকালচার - মৌমাছি চাষ বিদ্যা।

ফ্রগ কালচার - ব্যাঙচাষ বিদ্যা।

হটিকালচার - উদ্যানপালন বিদ্যা।

17) কোন মাধ্যম শব্দের গতি সবচেয়ে কম?

1)

শূন্যতায়

2)

তরল পদার্থে

✓ 3)

বায়বীয় পদার্থে

4)

কঠিন পদার্থে

ব্যাখ্যা :

কঠিন মাধ্যমে শব্দের গতিবেগ সবচেয়ে বেশি যেমন হীরা। এর গতিবেগ হল 12000 ms^{-1} । আর সবচেয়ে বায়বীয় মাধ্যম বা পদার্থে শব্দের গতিবেগ সবচেয়ে কম, যেমন- 330 ms^{-1} ।

সুতরাং শব্দের বেগের তীব্রতার গতিবেগ হল কঠিন > তরল > বায়বীয়।

18)

বাংলাদেশের ডু-উপগ্রহ কেন্দ্রের সংখ্যা কয়টি?

1)

এক

2)

দুই

3)

তিন

✓ 4)

চার

ব্যাখ্যা :

বাংলাদেশে ডু-উপগ্রহ কেন্দ্র ৪ টি। যথাঃ রাঙামাটির বেতবুনিয়া (১৯৭৫), গাজীপুরের তালিবাগ (১৯৮২), ঢাকার মহাখালী (১৯৯৫), ও সিলেট (১৯৯৭)।

19) ডিজিটাল ঘড়ি বা ক্যালকুলেটরে কালচে অনুজ্জ্বল যে লেখা ফুটে ওঠে তা কিসের ভিত্তিতে তৈরি?

1)

সিলিকন চিপ

✓ 2)

এল.সি.ডি.

3)

এল.ই.ডি.

4)
আই.সি.

ব্যাখ্যা : এলসিডি(LCD liquid crystal display) তরল রাসায়নিক পদার্থকে বিদ্যুৎপ্রবাহ দ্বারা প্রয়োজনীয় আকারে প্রদর্শন করে। ডিজিট্যাল ঘড়ি ও ক্যালকুলেটরের লেখা প্রদর্শন করার মাধ্যমে এটি সবচেয়ে দ্রুত পরিচিতি ও জনপ্রিয়তা পায়। বর্তমানে মোবাইল ফোন, কম্পিউটারের মনিটর থেকে বৃহৎ আকৃতির প্রজেকশন টিভিতেও এলসিডি ব্যবহার করা হচ্ছে। এলসিডি সিআরটি - র পরিবর্তে বর্তমানে ব্যাপকভাবে ব্যবহৃত হয়। এতে করে যেসকল যন্ত্রগুলোতে এলসিডি আছে সেগুলো আকার ছোট, ওজনে হালকা, সহজে বহনযোগ্য, কম দামি, বেশি নির্ভরযোগ্য এবং চক্ষু বান্ধব হয় এবং জনপ্রিয়তা লাভ করে। সিআরটি এবং প্লাজমার মত এগুলোর কোন আকার দিতে অসুবিধা হয় না। ফসফরাস ব্যবহার না করায় এতে রং বিকৃত হওয়ার সুযোগ নেই।

20)

নিত্য ব্যবহার্য বহুল 'অ্যারোসলের' কৌটায় এখন লেখা থাকে সি.এফ.সি বিহীন। সি.এফ.সি গ্যাস কেন ক্ষতিকারক?

- 1)
গ্রীন হাউজ এফেক্টে অবদান রাখে
- 2)
দাহ্য বলে অগ্নিকান্ডের সৃষ্টি করে
- ✓ 3)
ওজোন স্তরে ফুটো তৈরি করে
- 4)
ফুসফুসে রোগ সৃষ্টি করে

21) ষ্ট্রোক' আকস্মিক অজ্ঞান বা মৃত্যুর কারণ হতে পারে-এটি কী?

- ✓ 1)
মস্তিষ্কে রক্তক্ষরণ এবং রক্ত প্রবাহে বাধা
- 2)
হৃৎপিণ্ডের সজোরে সংকোচন বা বন্ধ হয়ে যাওয়া
- 3)
হৃৎপিণ্ডের অংশবিশেষের অসাড়তা
- 4)
ফুসফুস হঠাৎ বিকল হয়ে যাওয়া

ব্যাখ্যা : মস্তিষ্কের অভ্যন্তরে রক্ত স্রবনের ফলে অক্সিজেন সরবরাহে ব্যাঘাত ঘটলে মস্তিষ্কের কোষগুলো ক্ষতিগ্রস্ত হওয়ার মাধ্যমে যে অবস্থা দ্রুত জন্ম নেয় তাকে বলা হয় স্ট্রোক (Stroke)। দেহের রক্তের মাত্র ২% মস্তিষ্ক ব্যবহার করে থাকে। কিন্তু মস্তিষ্ক কোষসমূহ অত্যন্ত সংবেদনশীল - - - অক্সিজেন বা শর্করা সরবরাহে সমস্যা হলে দ্রুত এই কোষগুলো নষ্ট হয়ে যায়। ওই কোষগুলো শরীরের যেই অংশ নিয়ন্ত্রণ করত ওই অংশ গুলো পক্ষাঘাতগ্রস্ত হয়ে যেতে পারে।

22)

বাংলাদেশের তড়িৎ-এর কম্পাংক প্রতি সেকেন্ডে ৫০ সাইকেল-এর তাৎপর্য কি?

1)

প্রতি সেকেন্ডে বিদ্যুৎ প্রবাহ ৫০ বার উঠানামা করে

✓ 2)

প্রতি সেকেন্ডে বিদ্যুৎ প্রবাহ ৫০ বার দিক বদলায়

3)

প্রতি সেকেন্ডে বিদ্যুৎ প্রবাহ ৫০ একক দৈর্ঘ্য অতিক্রম করে

4)

প্রতি সেকেন্ডে বিদ্যুৎ প্রবাহ ২৫ বার দিক বদলায়

23) আকাশ নীল দেখায় কেন?

1)

নীল আলোর তরঙ্গদৈর্ঘ্য বেশি বলে

2)

নীল সমুদ্রের প্রতিফলনের ফলে

✓ 3)

নীল আলোর বিক্ষেপণ অপেক্ষাকৃত বেশি বলে

4)

নীল আলোর প্রতিফলন বেশি বলে

ব্যাখ্যা :

আলোর বিক্ষেপণের কারণে আকাশ নীল দেখায়। কোন কণিকার ওপর আলো পড়লে সেই কণিকা আলোকে বিভিন্ন দিকে ছড়িয়ে দেয়, যাকে আলোর বিক্ষেপণ বলে।

যে আলোর তরঙ্গদৈর্ঘ্য যত কম, সেই আলোর বিক্ষেপণ তত বেশি হয়। আলোর বিক্ষেপণ এর তরঙ্গদৈর্ঘ্যের চতুর্ঘাতের ব্যস্তানুপাতিক। নীল আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম, তাই আকাশে এই আলোর বিক্ষেপণ বেশি হয় এবং আকাশ নীল দেখায়।

দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্য : বেগুনি < নীল < আসমানি < সবুজ < হলুদ < কমলা < লাল।

24)

আল্ট্রাসোনোগ্রাফী কী?

- 1)
নতুন ধরনের এক্সরে
- 2)
শরীরের অভ্যন্তরের শব্দ বিশ্লেষণ
- 3)
শক্তিশালী শব্দ দিয়ে পিত্ত পাথর বিচূর্ণকরণ
- ✓ 4)
ছোট তরঙ্গদৈর্ঘ্যের শব্দের দ্বারা ইমেজিং

25) কোনটি রক্তের কাজ নহে?

- 1)
কলা হতে ফুসফুসে বর্জ্য পদার্থ বহন করা
- 2)
ক্ষুধাস্ত হতে কলাতে খাদ্যের সারবস্তু বহন করা
- 3)
হরমোন বিতরণ করা
- ✓ 4)
জারক রস বিতরণ করা

ব্যাখ্যা :

রক্ত অস্বচ্ছ, ইষৎ স্ফারীয়, লবনাক্ত ও আঠালো পদার্থ। একজন পূর্ণ বয়স্ক মানুষের দেহে ৫-৬ লিটার রক্ত থাকে। প্রধানত রক্ত অস্থিমজ্জায় উৎপন্ন হয়। রক্ত দেহের জ্বালানি স্বরূপ কাজ করে।

রক্তের কাজ :

1. রক্ত সারা দেহে পানি ও তাপের সমতা রক্ষা করে ।
2. লোহিত রক্তকণিকা হিমোগ্লোবিনের মাধ্যমে ফুসফুস থেকে কোষে কোষে অক্সিজেন পরিবহণ করে ।
3. শ্বেত রক্তকণিকা ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় রোগজীবাণু ধ্বংস করে দেহকে সুস্থ রাখে ।
4. দেহের কোন স্থান কেটে গেলে অনুচক্রিকা সে স্থানে রক্ত জমাট বাঁধায় । ফলে ক্ষতস্থান থেকে রক্তপাত বন্ধ হয় ।
5. রক্তরসের মাধ্যমে কার্বন ডাইঅক্সাইড, ইউরিয়া, হজমকৃত খাদ্যবস্তু(যথা : গ্লুকোজ, অ্যামিনো এসিড, ফ্যাটি এসিড, গ্লিসারল), হরমোন ইত্যাদি দেহের বিভিন্ন অংশে পরিবাহিত হয় ।

উপরের জারক রস নিঃসৃত করা ব্যতীত সবই রক্তের কাজের মধ্যে পড়ে।

26)

বাতাসের নাইট্রোজেন কীভাবে মাটির উর্বরতা বৃদ্ধি করে?

- 1) সরাসরি মাটিতে মিশ্রিত হয়ে জৈব পুষ্টি করে
- 2) ব্যাকটেরিয়ার সাহায্যে উদ্ভিদের গ্রহণ উপযোগী বস্তু পুষ্টি করে
- 3) মাটির অজৈব লবণে পরিবর্তিত করে
- ✓ 4) পানিতে মিশে মাটিতে শোষিত হওয়ার ফলে

27) পীট কয়লার বৈশিষ্ট্য হল-

- 1) মাটির অনেক গভীরে থাকে
- 2) পাহাড়ী এলাকায় পাওয়া যায়
- 3) দহন ক্ষমতা কয়লার তুলনায় অধিক
- ✓ 4) ভিজা ও নরম

ব্যাখ্যা : পিট কয়লার প্রাথমিক পর্যায় বা জাত। জলাভূমি ও আর্দ্র স্থানে বেড়ে ওঠা গাছপালা, গুল্মলতা, শ্যাওলা - শৈবালের আংশিক পচন ও বিসরণের প্রক্রিয়ায় উৎপন্ন একটি গাঢ় বাদামি বা কৃষ্ণকায় অবশেষ। সামান্য পরিমাণ অক্সিজেন বিশিষ্ট বন্ধ পানিতে উদ্ভিদাদির পচনের ফলে এটি গঠিত হয়। পিটে আর্দ্রতামূলক উপাদান ৭৫ শতাংশের বেশি, কার্বন ৬০% ও অক্সিজেন ৩০% (আর্দ্রতামুক্ত অবস্থায়)। শুষ্ক অবস্থায় এটি অবাধে জুলে। এতে শনাক্তযোগ্য উদ্ভিজ্জ কণিকা বিদ্যমান থাকলেও মণিক নেই বললেই চলে। পিট বাদামি থেকে ঘন বাদামি রঙের এবং নরম। এটি সংকুচিত হয় এবং শুকালে দৃঢ় ও ভঙ্গুর হয়।

28)

ধুমকেতু সুমেকার লেডী-৯ এর প্রথম ডাঙ্গা টুকরাটি কবে বৃহস্পতি গ্রহে আঘাত হানে?

✓ 1)

১৬ জুলাই, ১৯৯৪

2)

১৫ জুলাই, ১৯৯৪

3)

১৭ জুলাই, ১৯৯৪

4)

১৮ জুলাই, ১৯৯৪

29) রঙ্গীন টেলিভিশন হতে ক্ষতিকর কোন রশ্মি বের হয়?

1)

মৃদু রঞ্জন রশ্মি

2)

বিটা রশ্মি

✓ 3)

গামা রশ্মি

4)

কসমিক রশ্মি

ব্যাখ্যা : টিভির পর্দায় ফসফর থাকে, ইলেকট্রন যখন এই ফসফরকে আঘাত করে তখন এখান থেকে মৃদু রঞ্জনরশ্মি নির্গত হয়, এটার পরিমাণ এতই ক্ষুদ্রতর যা উপেক্ষা করা যায়। সাধারণত CRT মনিটর থেকে মৃদু রঞ্জনরশ্মি নির্গত হয় কিন্তু আধুনিক এলসিডি/এলইডি মনিটর থেকে কোন ক্ষতিকারক রশ্মি নির্গত হয় না।

30) চাঁদে কোনো শব্দ করলে তা শোনা যাবে না কেন?

✓ 1)

চাঁদে বায়ুমন্ডল নেই তাই

2)

চাঁদের মধ্যাকর্ষণজনিত স্থরণ পৃথিবীর মধ্যাকর্ষণজনিত স্থরণ অপেক্ষা কম তাই

3)

চাঁদে কোন জীব নেই তাই

4)

চাঁদে কোন পানি নেই তাই

ব্যাখ্যা : শব্দ পরিবহনে জন্যে মাধ্যমের প্রয়োজন। পৃথিবীতে বায়ুমন্ডল এই মাধ্যমের কাজ করে, সহজ কথায় বাতাস হচ্ছে মাধ্যম। চাঁদের অভিকর্ষজ বল খুব দুর্বল, ফলে চাঁদের পরিপূর্ণ বায়ুমন্ডল নেই। সে জন্যে শব্দ পরিবহন সম্ভব নয়। চাঁদে বাতাস নেই, তাই শব্দ সঞ্চরের মাধ্যমও নেই।

31)

পানির জীব হয়েও বাতাসে নিঃশ্বাস নেয়-

1)

পটকা মাছ

2)

হাঙ্গর

3)

জেলী ফিস

✓ 4)

শুশুক

32)

Hubble Telescope এর ক্রটি সংশোধনের জন্য নভোচারীগনকে মহাশূণ্যে কোন নভোযানে প্রেরণ করা হয়েছিল?

1)

Challenger

2)
Pathfinder

3)
Apollo

✓ 4)
Endeavour

33) নাড়ীর স্পন্দন প্রবাহিত হয়-

1)
শিরার ভেতর দিয়ে

2)
স্নায়ুর ভেতর দিয়ে

3)
ল্যাকটিয়ালের ভেতর দিয়ে

✓ 4)
ধমনীর ভেতর দিয়ে

ব্যাখ্যা : ইন্ট্রাক্রেনিয়াল অ্যানিউরিজম

ইন্ট্রাক্রেনিয়াল অ্যানিউরিজম (ইংরেজি : Intracranial aneurysm) বা মস্তিষ্কের অ্যানিউরিজম হচ্ছে এক প্রকার সেরিব্রোভাসকুলার বোগ। এই বোগে মস্তিষ্কের ধমনি বা শিরায় দুর্বলতার সৃষ্টি হয় যার ফলশ্রুতিতে রক্তবাহিকার আক্রান্ত স্থান প্রসারিত হয়ে বেলুনের মতো আকার ধারণ করে।

মস্তিষ্কের পেছনের অংশের রক্তবাহিকায় (বেসিলার ধমনি, ডার্টিব্রাল ধমনি, এবং পোস্টেরিয়র কমিউনিকটিং ধমনি) সৃষ্ট অ্যানিউরিজমের ফেটে যাওয়ার ঝুঁকি তুলনামূলকভাবে বেশি। বেসিলার ধমনির অ্যানিউরিজমের পরিমাণ অন্তঃকরোটের অ্যানিউরিজমগুলোর মধ্যে ৩% - ৫% তবে মস্তিষ্কের পেছনের অংশে থাকা রক্তবাহিকাগুলোর মধ্যে এ ধরনের অ্যানিউরিজম - ই সবচেয়ে প্রচলিত।

♣ উত্তরপত্র

১৭-২০তম বিসিএস সাধারণ বিজ্ঞান

Total questions : 36 Total marks : 36

1) সবচেয়ে শক্ত বস্তু কোনটি?

- 1)
গ্রানাইট পাথর
- ✓ 2)
হীরা
- 3)
পিতল
- 4)
ইস্পাত

ব্যাখ্যা : হীরা সবচেয়ে শক্ত পদার্থ, তবে এর নমনীয়তা নেই বলে যথেষ্ট চাপ প্রয়োগে ভেঙ্গে ফেলা সম্ভব। দৃঢ়তা আর নমনীয়তা মিলিয়ে হিসেব করলে টাংস্টেন, টাইটানিয়াম, ক্রোমিয়াম ইত্যাদি সবচেয়ে শক্ত পদার্থের তালিকায় চলে আসবে।

2)

মহাজাগতিক রশ্মি আবিষ্কার করে কোন বিজ্ঞানী নোবেল পুরস্কার পান?

- ✓ 1)
হেস
- 2)
গোল্ডস্টাইন
- 3)
রাদারফোর্ড
- 4)
আইনস্টাইন

3) জোয়ার ভাটার তেজ কটাল কখন হয়?

- 1)
একাদশীতে

2)
অষ্টমীতে

3)
পঞ্চমীতে

✓ 4)
অমাবস্যা

ব্যাখ্যা : জোয়ার - ভাটার তেজকটাল হয় অমাবস্যা।

অমাবস্যা তিথিতে চন্দ্র ও সূর্য পৃথিবীর একপাশে একই সরলরেখায় অবস্থান করে। ফলে চন্দ্র ও সূর্যের মিলিত আকর্ষণের প্রভাবে পৃথিবীর পানি ফুটে ওঠে এবং প্রচণ্ড জোয়ার হয়। এ জোয়ারকে তেজ কটাল ভরা - কটাল বলে।

4) রাডারে যে তড়িৎ চৌম্বক ব্যবহার করা হয় তার নাম কি?

1)
গামা রশ্মি

✓ 2)
মাইক্রোওয়েভ

3)
অবলোহিত বিকিরণ

4)
আলোক তরঙ্গ

ব্যাখ্যা : রাডারের মূলনীতি হলো ক্ষুদ্র তরঙ্গ দৈর্ঘ্যের পালস ছড়িয়ে দেয়া হয় যেন বস্তু থেকে প্রতিফলিত হয়ে রাডারের গ্রাহক যন্ত্রে আসে। এ জন্য গামা রশ্মি বা মাইক্রোওয়েভ উভয়ের তরঙ্গ দৈর্ঘ্য ক্ষুদ্র হলে ও কম ভেদন ক্ষমতাসম্পন্ন মাইক্রোওয়েভই ব্যবহার করা হয়। অপরপক্ষে ক্ষমতাসম্পন্ন মাইক্রোওয়েভই ব্যবহার করা হয়। অপরপক্ষে অবলোহিত বিকিরণ ও আলোক তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য বেশ বড়।

5) ভূপৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগস্থলকে কী বলে?

✓ 1)
ছায়াবৃত্ত

2)
গুরুবৃত্ত

3)

উষা

4)
গোধূলি

ব্যাখ্যা : ভূপৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগস্থলকে ছায়াবৃত্ত বলে। সূর্য সকালে দিগন্তের উপরে ওঠার আগে উষা এবং সন্ধ্যার দিগন্তের নিচে নেমে যাবার পর কিছুক্ষণ বিক্ষিপ্ত সৌরভ আকাশে আলো থাকে, এ সময়কে গোধূলি বলে।

6) এ শতাব্দীর সবচেয়ে উজ্জ্বল ধুমকেতু কোনটি?

✓ 1)
হেল-বপ ধুমকেতু

2)
হ্যালীর ধুমকেতু

3)
শুমেকার লেভী ধুমকেতু

4)
কোনটিই নয়

ব্যাখ্যা : বিংশ শতাব্দীর সবচেয়ে উজ্জ্বল ধুমকেতু এটি। ১৯৯৫ সালের ২৩শে জুলাই অ্যালান হেল ও টমাস বপ এই ধুমকেতুটি আবিষ্কার করেন। ১৮মাস এটি খালি চোখে দৃশ্যমান ছিল, যা একটি রেকর্ড।

7) কোন জারক রস পাকস্থলীতে দুগ্ধ জমাট বাঁধায়?

1)
পেপসিন

✓ 2)
রেনিন

3)
এমাইলেজ

4)
ট্রিপসিন

ব্যাখ্যা : পাকস্থলীতে দুগ্ধ জমাট বাঁধতে রেনিন নামক জারক রস প্রয়োজন হয়। অপরপক্ষে ট্রিপসিন এবং পেপসিন নামক এনজাইম প্রোটিন পরিপাকে এবং এমাইলেজ কার্বোহাইড্রেট পরিপাকে সহায়তা করে।

8) বায়ুমণ্ডলে চাপের ফলে ভূ-গর্ভস্থ পানি লিফট পাম্পের সাহায্যে সর্বোচ্চ যে গভীরতা থেকে উঠানো যায়-

- 1)
১ মিটার
- 2)
১৫ মিটার
- 3)
৩০ মিটার
- ✓ 4)
১০ মিটার

ব্যাখ্যা : পৃথিবীর বায়ুমণ্ডল বলতে পৃথিবীকে চারপাশে ঘিরে থাকা বিভিন্ন গ্যাস মিশ্রিত স্তরকে বুঝায়, যা পৃথিবী তার মধ্যাকর্ষণ শক্তি দ্বারা ধরে রাখে। একে আবহমণ্ডল - ও বলা হয়। এই বায়ুমণ্ডল সূর্য থেকে আগত অতিবেগুনি রশ্মি শোষণ করে পৃথিবীতে জীবের অস্তিত্ব রক্ষা করে। এছাড়াও তাপ ধরে রাখার মাধ্যমে (গ্রীনহাউজ প্রতিক্রিয়া) ভূপৃষ্ঠকে উত্তপ্ত করে এবং দিনের তুলনায় রাতের তাপমাত্রা হ্রাস করে। স্বাস - প্রশ্বাস ও সালোকসংশ্লেষণের জন্য ব্যবহৃত বায়ুমণ্ডলীয় গ্যাসসমূহের প্রদত্ত প্রচলিত নাম বায়ু বা বাতাস। পরিমাণের দিক থেকে শুষ্ক বাতাসে ৭৮.০৯% নাইট্রোজেন, ২০.৯৫% অক্সিজেন, ০.৯৩% আর্গন, ০.০৩% কার্বন ডাইঅক্সাইড এবং সামান্য পরিমাণে অন্যান্য গ্যাস থাকে। বাতাসে এছাড়াও পরিবর্তনশীল পরিমাণ জলীয় বাষ্প রয়েছে যার গড় প্রায় ১%। বাতাসের পরিমাণ ও বায়ুমণ্ডলীয় চাপ বিভিন্ন স্তরে বিভিন্ন রকম হয়, স্থলজ উদ্ভিদ ও স্থলজ প্রাণীর বেঁচে থাকার জন্য উপযুক্ত বাতাস কেবল পৃথিবীর ট্রোপোস্ফিয়ার এবং কৃত্রিম বায়ুমণ্ডলসমূহে পাওয়া যাবে। বায়ুমণ্ডলের ভর হচ্ছে প্রায় 5×10^{18} কেজি, যার তিন চতুর্থাংশ পৃষ্ঠের প্রায় ১১ কিলোমিটারের (৩৬, ০০০ ফুট ৬.৮ মাইল) মধ্যে থাকে। উচ্চতা বৃদ্ধির সাথে সাথে বায়ুমণ্ডল পাতলা হতে থাকে এবং বায়ুমণ্ডল ও মহাশূন্যের মধ্যে কোন নির্দিষ্ট সীমা নেই। Karman লাইন, 100 কিলোমিটার (62 মাইল), অথবা পৃথিবীর ব্যাসার্ধ এর 1.57% এ, প্রায়ই বায়ুমণ্ডল এবং মহাশূন্যে মধ্যে সীমান্ত হিসাবে ব্যবহৃত হয়। কারম্যান রেখা যা পৃথিবীর সমুদ্রপৃষ্ঠ থেকে ১০০ কিলোমিটার (৬২ মাইল) উপরে অথবা পৃথিবীর ব্যাসার্ধের ১.৫৭% প্রায়ই বায়ুমণ্ডল এবং মহাশূন্যের মধ্যে সীমান্ত হিসাবে ব্যবহার করা হয়। বায়ুমণ্ডলীয় প্রভাবসমূহ পরিলক্ষিত হয় যখন মহাকাশযান প্রায় ১২০ কিলোমিটার (৭৫ মাইল) উচ্চতায় অথবা কারম্যান রেখার উপরে গমন করে। বৈশিষ্ট্য যেমন তাপমাত্রা ও গঠনের উপর ভিত্তি করে বায়ুমণ্ডলকে কয়েকটি স্তরে ভাগ করা যায়। পৃথিবীর বায়ুমণ্ডল এবং তার প্রক্রিয়া নিয়ে চর্চা করাকে বায়ুমণ্ডলীয় বিজ্ঞান বা অ্যাইরলজি বলা হয়। লিওন টিইসারিয়েক ডি বর্ট ও রিচার্ড অ্যাসম্যান এই শাস্ত্রের প্রারম্ভিক পথিকৃৎ।

9) যে মসৃণতলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে কি বলে?

- ✓ 1)
দর্পণ
- 2)
লেন্স

3)
প্রিজম

4)
বিশ্ব

ব্যখ্যা : যে মসৃণতলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে দর্পণ বলে। লেন্স এবং প্রিজম আলোর প্রতিসরণ ঘটায়। বিশ্ব : কোন বিন্দু থেকে নিঃসৃত বা আগত আলোক রশ্মি গুচ্ছ কোন একটি তলে পতিত হবার পর প্রতিফলিত হয়ে দ্বিতীয় কোন বিন্দুতে মিলিত হয় তাহলে ঐ দ্বিতীয় বিন্দুকে প্রথম বিন্দুর বিশ্ব বলে। Normal 0 false false false EN - US X - NONE X - NONE

10) বিদ্যুৎকে সাধারণ মানুষের কাজে লাগানোর জন্য কোন বৈজ্ঞানিকের অবদান সবচেয়ে বেশি?

1)
বেঞ্জামিন ফ্রাঙ্কলিন

2)
আইজ্যাক নিউটন

3)
ভোল্টা

✓ 4)
টমাস এডিসন

ব্যখ্যা : মার্কিন বিজ্ঞানি টমাস আলভা এডিসন গ্রামোফোন, ভিডিও ক্যামেরা, এবং দীর্ঘস্থায়ী বৈদ্যুতিক বাতিসহ বহু যন্ত্র আবিষ্কার করে চিরস্মরণীয় হয়ে আছেন। ব্যবসা বাণিজ্য ও কারখানায় বিদ্যুৎ শক্তি উৎপাদন ও বণ্টনের ধারণা এবং প্রয়োগ তার হাত ধরেই চালু হয় যা আধুনিক শিল্প বিপ্লবের কারণ।

11) প্রাণীর মলমূত্র থেকে ব্যাকটেরিয়ার সাহায্যে ফার্মেন্টেশন প্রক্রিয়ায় উৎপন্ন হয়—

1)
ইথেন

2)
এমোনিয়া

3)
বিউটেন

✓ 4)
মিথেন

ব্যাখ্যা : প্রাণীর মূত্রে থাকে এমোনিয়া অপরদিকে মল - মূত্র গাজন বা ফার্মেন্টেশন প্রক্রিয়ায় তৈরি হয় মিথেন গ্যাস

12) ভায়াগ্রা কী?

- 1)
একটি জলপ্রপাত
- 2)
সাদা জাগানো চলচ্চিত্রের নাম
- 3)
নতুন জাহাজের নাম
- ✓ 4)
নতুন একটি ঔষধ

ব্যাখ্যা : ভায়াগ্রা একটি যৌন উত্তেজক ঔষধ। কিন্তু সাথে সাথে আমাদের এটিও জেনে রাখা উচিত যে, ইচ্ছা হলেই আপনি ভায়াগ্রা সেবন করতে পারবেন না। এই ঔষধটি সেবনের জন্য বেশ কিছু শর্ত রয়েছে।

13) 'Existentialism' কী?

- ✓ 1)
একটি দার্শনিক মতবাদ
- 2)
পদার্থবিদ্যার একটি তত্ত্ব
- 3)
ভূ-বিদ্যার একটি তত্ত্ব
- 4)
প্রাণীবিদ্যার একটি তত্ত্ব

ব্যাখ্যা :

অস্তিত্ববাদ একটি দার্শনিক মতবাদ। এ মতবাদের প্রবক্তা সেরেন কেয়াকেগার্ড। অস্তিত্ববাদ মন নিরপেক্ষ সত্তার স্বাধীন অস্তিত্ব স্বীকার করে এবং অস্তিত্ব সারসত্তার পূর্বগামী এ ধারণার উপর ও মতবাদ প্রতিষ্ঠিত।

14) কোন পদার্থটি চৌম্বক পদার্থ নয়?

- 1)
কাঁচা লৌহ

2)

ইস্পাত

✓ 3)

অ্যালুমিনিয়াম

4)

কোবাল্ট

ব্যাখ্যা : চৌম্বক পদার্থ : যে সকল পদার্থকে চুম্বক আকর্ষণ করে এবং যাদের চুম্বকে পরিণত করা যায় তাদের চৌম্বক পদার্থ বলে। যেমন - লোহা, লোহার যৌগ, নিকেল, কোবাল্ট। অচৌম্বক পদার্থঃ কোন চুম্বক যে সকল পদার্থকে আকর্ষণ করে না, ঐ সকল পদার্থকে অচৌম্বক পদার্থ বলে। উদাহরণঃ অ্যালুমিনিয়াম, স্টিল, সোনা ইত্যাদি।

15) বাংলাদেশের একটি জীবন্ত জীবাশ্মের নাম-

✓ 1)

রাজ কাঁকড়া

2)

গণ্ডার

3)

পিপীলিকাডুক ম্যানিস

4)

স্নো লোরিস

ব্যাখ্যা : উপবৃত্তাকার এই কাঁকড়াটি হলো Horseshoe Crab লিম্বুলাস। এটি “রাজ কাঁকড়া” নামেও পরিচিত। কিন্তু এটিকে কাঁকড়া বলা হলেও প্রজাতিগত দিক থেকে মাকড়সার সঙ্গে বেশি মিল

16) টুথপেস্টের প্রধান উপাদান কি?

1)

ফ্লোরাইড ও ক্লোরোফিল

✓ 2)

সাবান ও পাউডার

3)

ভোজ্য তেল ও সোডা

4)

জেলি ও মশলা

ব্যাখ্যা : দাঁত পরিষ্কার করার জন্য জেলি / লেইয়ের মত যে পদার্থ ব্যবহার করা হয় তাকে টুথপেস্ট বলে।

সাধারণ মানের টুথপেস্ট রয়েছে -

চক পাউডার - ৩০%

সাবান - ১৫%

ট্রাই ও ডাই ক্যালসিয়াম ফসফেট - ১০%

গাম ট্রাগাকান্হ মিউসিলেজ - ৫.৫%

17) বহুমূত্র রোগে কোন হরমোনের দরকার?

✓ 1)

ইনসুলিন

2)

থাইরক্সিন

3)

এনডোজেন

4)

এস্ট্রোজেন

ব্যাখ্যা : মানুষের শরীরে যে শর্করা তৈরি হয় তাকে ভেসে রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে ইনসুলিন। কোনো কারণে শরীরে ইনসুলিনের ঘাটতি দেখা দিলে রক্তে শর্করার (গ্লুকোজ) বেড়ে যায়। একেই বহুমূত্ররোগ বা ডায়াবেটিস বলে।

18) 'গ্যালিলিও' কী?

✓ 1)

পৃথিবী থেকে পাঠানো বহুম্পতির একটি কৃত্রিম উপগ্রহ

2)

শনি গ্রহের একটি উপগ্রহ

3)

বহুম্পতি গ্রহের একটি উপগ্রহ

4)

মঙ্গল গ্রহের একটি উপগ্রহ

ব্যাখ্যা : গ্যালিলিও হলো সার্বিক দিকনির্নয় সম্পর্কিত একটি কৃত্রিম উপগ্রহ পদ্ধতি যা বাস্তবায়ন হয় ২০১৬ সালে । এটি ইউরোপিয়ান ইউনিয়নের মাধ্যমে তৈরি করা হয়েছিলো। এর নাম করণ বিখ্যাত বিজ্ঞানী গ্যালিলিও গ্যালিলিইর নাম করণে করা হয়েছে।

19) Natural protein এর কোড নাম -

- 1)
Protien - P51
- ✓ 2)
Protien - P49
- 3)
Protien - P54
- 4)
protein - P53

ব্যাখ্যা : Natural protein - এর কোড নাম - - P - 49। এক বা একাধিক পলিপেপটাইড সমন্বিত বৃহদাকার সক্রিয় রাসায়নিক পদার্থকে প্রোটিন বা আমিষ বলে। প্রোটিন এর প্রধান কাজ হল দেহের গঠন বৃদ্ধি সাধন ও ক্ষয় পূরণ করা।

20) মানুষের ক্রোমোজোমের সংখ্যা কত?

- ✓ 1)
২৩ জোড়া
- 2)
২০ জোড়া
- 3)
২২ জোড়া
- 4)
২৫ জোড়া

ব্যাখ্যা : মানুষের দেহকোষে ৪৬ টি বা ২৩ জোড়া ক্রোমোজোম বিদ্যমান। যার মধ্যে ২২ জোড়া অটোজম আর ১ জোড়া সেক্স ক্রোমোজম।

21)

কোন হরমোনের অভাবে ডায়াবেটিস রোগ হয়?

1)
থাইবোসিন

2)
ধুকাগন

3)
এড্রিনালিন

✓ 4)
ইনসুলিন

22) কোনটি স্তন্যপায়ী প্রাণী নয়?

✓ 1)
কুমির

2)
বাদুর

3)
তিমি

4)
হাতি

ব্যাখ্যা : পারমাণবিক চুল্লির জন্য অতি উপযোগী তাপ স্থানান্তরকারী বা তাপ পরিবাহক পদার্থ হলো ক্ষার ধাতুসমূহ। কারণ এদের রয়েছে চমৎকার তাপ স্থানান্তর ধর্ম। আবার ক্ষার ধাতুসমূহ যেমন - লিথিয়াম (Li) , সোডিয়াম (Na), পটাসিয়াম (K) প্রভৃতির মধ্যে সোডিয়াম হলো সর্বাপেক্ষা আকর্ষণীয়। কারণ এর রয়েছে অপেক্ষাকৃত নিম্ন গলন বিন্দু এবং অতি উচ্চ তাপ - স্থানান্তর সহগ (Heat transfer coefficient)। তাছাড়া সোডিয়াম সহজলভ্য এবং তুলনামূলকভাবে এর মূল্য কম। এজন্য পারমাণবিক চুল্লিতে সাধারণত তাপ পরিবাহক হিসেবে সোডিয়াম ধাতু ব্যবহৃত হয়।

15)

যে যন্ত্রের সাহায্যে পরবর্তী উচ্চ বিভবকে নিম্ন বিভবে এবং নিম্ন বিভবকে উচ্চ বিভবে রূপান্তরিত করা হয় তার নাম কী?

✓ 1)

ট্রান্সফর্মার

2)

মোটর

3)

জেনারেটর

4)

ডায়নামো

16)

ছায়াপথ তার নিজ অক্ষকে কেন্দ্র করে ঘুরে আসতে যে সময় লাগে তাকে কী বলে?

1)

সৌর বছর

✓ 2)

কসমিক ইয়ার

3)

আলোক বর্ষ

4)

পলিসার

17) কোনটি পানিতে দ্রবীভূত হয় না?

1)

প্লিসারিন

2)

ফিটকিরি

3)

সোডিয়াম ক্লোরাইড

✓ 4)

ক্যালসিয়াম কার্বনেট

ব্যাখ্যা : পানিতে দ্রবীভূত হয় না ক্যালসিয়াম কার্বনেট।

সোডিয়াম যৌগ বা খাবার লবণ স্বচ্ছ বর্ণহীন কঠিন পদার্থ এবং পানিতে অদ্রবণীয়।

চিনি এবং সালফিউরিক অ্যাসিড উভয় পানিতে দ্রবণীয়।

পক্ষান্তরে, ক্যালসিয়াম কার্বনেট প্রকৃতিতে চূনাপাথর মার্বেল পাথর ও অন্যান্য রূপে বিদ্যমান বিশুদ্ধ পানিতে অদ্রবণীয় হলেও কার্বন - ডাই - অক্সাইড মিশ্রিত পানিতে দ্রবীভূত হয়।

18) জীবজগতের জন্যে সবচেয়ে ক্ষতিকারক রশ্মি কোনটি?

- 1)
আল্ট্রাভায়োলেট রশ্মি
- 2)
বিটা রশ্মি
- 3)
আলফা রশ্মি
- ✓ 4)
গামা রশ্মি

ব্যাখ্যা : আল্ট্রা - ভায়োলেট রশ্মি, বিটা রশ্মি, আলফা রশ্মি, গামা রশ্মি জীবদেহের জন্য ক্ষতিকর। এদের মধ্যে আল্ট্রা - ভায়োলেট রশ্মি ও গামা রশ্মি তুলনামূলকভাবে অধিক ক্ষতিকারক কিন্তু সবচেয়ে ক্ষতিকারক হচ্ছে গামা রশ্মি, কারণ গামা রশ্মির তরঙ্গদৈর্ঘ্য অন্য সব রশ্মির তরঙ্গদৈর্ঘ্যের তুলনায় অনেক ক্ষুদ্র। গামা রশ্মির ভেদন ক্ষমতা অত্যন্ত বেশি। এ রশ্মি মানবদেহে ক্যান্সারসহ বিভিন্ন জটিল রোগের সৃষ্টি করে।

19) চা পাতায় কোন ভিটামিন থাকে?

- 1)
ভিটামিন-ই
- 2)
ভিটামিন-কে
- ✓ 3)
ভিটামিন-বি কমপ্লেক্স
- 4)
ভিটামিন-এ

ব্যাখ্যা : শাকসবজি, তৈলবীজ এবং হাঙ্গর মাছের যকৃতের তেলে ভিটামিন - ই পাওয়া যায়। সবুজ শাকসবজি, দুগ্ধজাত দ্রব্য ভিটামিন 'কে' - এর প্রধান উৎস। চা পাতা, বৃষ্টির পানিতে ভিটামিন - বি কমপ্লেক্স পাওয়া যায়। মাছের তেল, দুধ মলা মাছ, মাছের মাথা এবং গাজরে সর্বাধিক ভিটামিন - এ রয়েছে।

20)

উদ্ভিদের পাতা হলদে হয়ে যায় किसের অভাবে?

- ✓ 1) নাইট্রোজেনের
- 2) ফসফরাসের
- 3) ইউরিয়ার
- 4) পটাসিয়ামের

21) মানুষের গায়ের রং কোন উপাদানের উপর নির্ভর করে?

- ✓ 1) মেলানিন
- 2) থায়ামিন
- 3) ক্যালোরিন
- 4) হিমোগ্লোবিন

ব্যাখ্যা : মানুষের স্বকের ঠিক নিচে থাকে মেলানিন নামক একপ্রকার পিগমেন্ট, যার উপর নির্ভর করে মানুষের গায়ের রং।

22) বিদ্যুৎ বিলের হিসাব কীভাবে করা হয়?

- 1) ওয়াট আওয়ারে
- 2) ওয়াটে
- 3) ভোল্টে
- ✓ 4)

কিলোওয়াট ঘণ্টায়

ব্যাখ্যা : প্রতি সেকেন্ড এক কিলোওয়াট হারে এক ঘণ্টায় যে পরিমাণ তড়িৎ শক্তি অন্য শক্তিতে রূপান্তরিত হয় বা ব্যয় হয় তাকে এক কিলোওয়াট ঘণ্টা বলা হয়। তড়িৎ সরবরাহকারী প্রতিষ্ঠান বিদ্যুৎ বিলের হিসাব করে কিলোওয়াট ঘণ্টা এককে। বাণিজ্যিকভাবে এক 'বোর্ড অব ট্রেড ইউনিট' (B.O.T Unit) বা সংক্ষেপে শুধু 'ইউনিট' বলা হয় থাকে।

23) টেপ রেকর্ডার এবং কম্পিউটারের স্মৃতির ফিতায় কী ধরনের চুম্বক ব্যবহৃত হয়?

✓ 1)

স্থায়ী চুম্বক

2)

অস্থায়ী চুম্বকতার

3)

সংকর চুম্বক

4)

প্রাকৃতিক চুম্বক

ব্যাখ্যা : টেপ রেকর্ডার এবং কম্পিউটারের স্মৃতির ফিতায় সিরামিক চুম্বক ব্যবহৃত হয়। এই সিরামিক চুম্বক হচ্ছে এক ধরনের স্থায়ী চুম্বক বা আয়রন অক্সাইড ও বেরিয়াম অক্সাইডের মিশ্রণে তৈরি ফেরাইট (Ferrite) নামক যৌগিক পদার্থ দ্বারা গঠিত।

24) মানুষের স্পাইনাল কর্ডের দৈর্ঘ্য কত?

1)

১৫ ইঞ্চি (প্রায়)

2)

১৭ হাফ (প্রায়)

✓ 3)

১৮ ইঞ্চি (প্রায়)

4)

২০ ইঞ্চি (প্রায়)

ব্যাখ্যা : সুষুম্না কাণ্ড বা Spinal Cord কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের একটি অংশ। Spinal Cord বা স্নায়ু রঞ্জু মস্তিষ্ক থেকে মেরুদণ্ডের ভেতরে অবস্থিত। Spinal Cord প্রায় ১৮ ইঞ্চি লম্বা। এখান থেকে ৩১ জোড়া স্নায়ু (Spinal nerve) উৎপন্ন হয়।

25) কোন শব্দ শোনার পরে কত সেকেন্ড পর্যন্ত এর বেশ আমাদের মস্তিষ্কে থাকে?

- 1)
১ সেকেন্ড
- ✓ 2)
০.১ সেকেন্ড
- 3)
০.০১ সেকেন্ড
- 4)
০.০০১ সেকেন্ড

ব্যাখ্যা :

কোনো শব্দ শোনার পর প্রায় ০ . ১ সেকেন্ড পর্যন্ত এর বেশ আমাদের মস্তিষ্কে থাকে । এই সময়কে শব্দানুভূতির স্থায়িককাল বলে । কোনো শব্দ শোনার পর যদি ০ . ১ সেকেন্ডের মধ্যে আরেকটি শব্দ আমাদের কানে এসে পৌঁছায় তবে আমাদের মস্তিষ্ক দুটি শব্দ আলাদাভাবে শনাক্ত করতে বা বুঝতে পারে না ।

26) ক্যান্সার রোগের কারণ কী?

- 1)
কোষের অস্বাভাবিক মৃত্যু
- ✓ 2)
কোষের অস্বাভাবিক বৃদ্ধি
- 3)
কোষের অস্বাভাবিক জমাট বাঁধা
- 4)
উপরের সবগুলো

ব্যাখ্যা : মৃত সেলের ভিতর ক্ষতিগ্রস্ত DNA থেকে এক ধরনের কোষের সৃষ্টি হয় বিশেষ করে প্রদাহ, ইনফেকশনের কারণে বা ক্ষতিকর ক্যান্সিকেল বা রেডিয়েশনের প্রভাবে কোষ ক্ষতিগ্রস্ত হলে এসব মৃত কোষের DNA থেকে এক ধরনের কোষ সৃষ্টি হয় যা অস্বাভাবিক বৃদ্ধি হয়। কোষের অস্বাভাবিক বৃদ্ধিই ক্যান্সার কোষ।

27)

মানুষের হৃৎপিণ্ডে কতটি প্রকোষ্ঠ থাকে?

1)

দুটি

✓ 2)

চারটি

3)

ছয়টি

4)

আটটি

28)

এক গ্রাম পানির তাপমাত্রা 20° হতে 30° সেলসিয়াস বৃদ্ধির জন্যে কত তাপের প্রয়োজন?

1)

২ ক্যালরি

2)

৩ ক্যালরি

3)

৪ ক্যালরি

✓ 4)

১০ ক্যালরি

29) জনসংখ্যা বৃদ্ধির ফলে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে কী?

✓ 1)

প্রাকৃতিক পরিবেশ

2)

সামাজিক পরিবেশ

3)

বায়বীয় পরিবেশ

4)

সাংস্কৃতিক পরিবেশ

ব্যাখ্যা : জনসংখ্যা বৃদ্ধির ফলে প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে। প্রাকৃতিক পরিবেশের প্রধান তিনটি উপাদান হচ্ছে মাটি, বায়ু ও পানি। জনসংখ্যা বৃদ্ধির ফলে মাটি, বায়ু ও পানিই সবচেয়ে বেশি মাত্রায় দূষিত হচ্ছে। কাজেই বলা যায় যে, জনসংখ্যা বৃদ্ধির ফলে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে প্রাকৃতিক পরিবেশ।

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন [হ্যালো বিসিএস এপে](https://www.hellobcbs.com)। ওয়েবসাইট এন্ট্রান্স দিতে ভিজিট করুনঃ [live.hellobcbs.com](https://www.hellobcbs.com)

Hello BCS

♣ উত্তরপত্র

২৯-৩০ তম বিসিএস সাধারণ বিজ্ঞান

Total questions : 38 Total marks : 38

1) বৈদ্যুতিক বাল্ভের ফিলামেন্ট কী ধাতু দিয়ে তৈরি?

1)

সংকর ধাতু

2)

সীসা

✓ 3)

টাংস্টেন

4)

তামা

ব্যাখ্যা : বৈদ্যুতিক বাল্ভের (Electric bulb) ভিতরে ফিলামেন্ট নামক বিশেষ এক ধরনের তারের কুণ্ডলী থাকে যার মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হলে তাপ ও আলো উৎপন্ন হয়। এ ফিলামেন্টটি টাংস্টেন নামক এক প্রকার ধাতুর তৈরি।

2)

পারমাণবিক চুল্লিতে কোন্ মৌল জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়?

1)

পেট্রোলিয়াম

✓ 2)

ইউরেনিয়াম-২৩৫

3)

অক্সিজেন

4)

হাইড্রোজেন

3) বৈদ্যুতিক পাখা ধীরে ধীরে ঘুরলে বিদ্যুৎ খরচ _____

1)

কম হয়

2)
বেশি হয়

✓ 3)
একই হয়

4)
খুব কম হয়

ব্যাখ্যা : এই প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য প্রথমেই আমাদের বৈদ্যুতিক পাখার কার্যপ্রণালী সম্পর্কে কিছুটা জেনে নিতে হবে। সর্বাগ্রে দেখা যাক বৈদ্যুতিক পাখা ঘোরে কীভাবে :

একটি পাখায় একটি বৈদ্যুতিক মোটর এবং কয়েকটি ধাতব ব্লেড (সাধারণত ৩টি), সংযুক্ত থাকে। যখন আমরা একটি পাখার সুইচ অন করি, তখন ভোল্টেজের পার্থক্যের জন্য মোটরটির মধ্য দিয়ে বিদ্যুৎ যায় এবং তার ফলাফল হিসাবেই পাখাটি ঘুরতে থাকে। নিয়ন্ত্রক বা রেগুলেটর মোটরের ভোল্টেজ নিয়ন্ত্রণ করে এবং মোটরের মধ্য দিয়ে প্রবাহিত বিদ্যুতের পরিমাণ কমিয়ে বা বাড়িয়ে দেয়।

সুতরাং, একটি পাখার ভোল্টেজের মাত্রা নিয়ন্ত্রণ সম্পূর্ণরূপে তার নিয়ন্ত্রক বা রেগুলেটরের ওপর নির্ভরশীল। আর একটি পাখার ভোল্টেজের পরিমাণ তার ঘূর্ণন গতির সমানুপাতী, অর্থাৎ ভোল্টেজ যত বাড়বে, পাখার গতিও ততটাই বাড়বে।

এখন, বিভিন্ন রেগুলেটর ও তাদের কর্মপদ্ধতি নিয়ে আলোচনা করা যাক : এই মুহূর্তে, বাজারে মোটামুটি ২ ধরনের রেগুলেটর পাওয়া যায় —

ইলেক্ট্রিক রেগুলেটর (Electric Regulator) : এই রেগুলেটরগুলিতে পাখার ভোল্টেজ হ্রাস করার জন্য রোধ বসানো থাকে। যখন পাখার ভোল্টেজ কমানো হয় তখন রোধটি উত্তপ্ত হয়ে ওঠে আর বিদ্যুৎ সরবরাহ কমানার কারণে পাখার গতিও কমে যায়। কিন্তু এর ফলে পাখার ভোল্টেজ তথা গতি কমিয়ে যে বিদ্যুৎ বাঁচানো হয়, সেই বিদ্যুৎ এই রোধ - মধ্যস্থ তাপশক্তিতে রূপান্তরিত হয়ে যায়। অর্থাৎ শেষ পর্যন্ত, এই রেগুলেটরের মাধ্যমে পাখার গতি কমিয়ে বিদ্যুৎ খরচ বিশেষ কমে না বললেই চলে। ফলে ইলেকট্রিক্যাল রেগুলেটর ব্যবহার করলে ফ্যানের গতি কম - বেশির সাথে রেগুলেটর লস যথাক্রমে বেশি ও কম হয় ফলে বৈদ্যুতিক পাখার গতি যাই হোক, বিদ্যুৎ খরচ প্রায় একই হয়। **ইলেকট্রনিক রেগুলেটর (Electronic Regulator) :** এই রেগুলেটরগুলিতে পাখার ভোল্টেজ হ্রাস করার জন্য মূলতঃ ট্রায়াক থাকে যার গেটে ট্রিগার নিয়ন্ত্রণ করে ফ্যানের ভোল্টেজের সাইন ওয়েভকে নিয়ন্ত্রণ করা হয় এবং ভোল্টেজের আরএমএস ড্যালুকে পরিবর্তন করে ফ্যানের গতি নিয়ন্ত্রণ করা হয়। এইগুলি কখনই গরম হয়ে ওঠে না, ফলে পাখা যখন কম গতিতে চলে তখন যথেষ্ট বিদ্যুৎ সাশ্রয় হয়। সাধারণত ইলেকট্রনিক রেগুলেটরগুলি ইলেক্ট্রিক রেগুলেটরগুলির থেকে প্রায় ৪০ শতাংশ বেশী বিদ্যুৎসাশ্রয়ী। তাই পরিশেষে বলা যেতে পারে, বৈদ্যুতিক পাখা কম গতিতে চালালে বিদ্যুৎ খরচ তখনই কম হবে যখন ইলেক্ট্রিক রেগুলেটরের পরিবর্তে ইলেকট্রনিক রেগুলেটর ব্যবহৃত হবে।

4)
কোনটি বায়ুর উপাদান নহে?

1)
নাইট্রোজেন

2)

হাইড্রোজেন

3)

কার্বন

✓ 4)

ফসফরাস

5)

সুনামির (Tsunami) কারণ হলো ___

1)

আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত

2)

ঘূর্ণিঝড়

3)

চন্দ্র ও সূর্যের আকর্ষণ

✓ 4)

সমুদ্র তলদেশের ভূমিকম্প

6)

অ্যালুমিনিয়াম সালফেটকে চলতি বাংলায় কী বলে?

✓ 1)

ফিটকিরি

2)

চুন

3)

সেভিং সোপ

4)

কস্টিক সোডা

7) সুমম খাদ্যের উপাদান কয়টি?

1)

৪ টি

2)

৫ টি

✓ 3)

৬ টি

4)

৮ টি

ব্যাখ্যা : মানবদেহের পুষ্টির চাহিদা সঠিকভাবে পূরণের জন্য সুমম খাদ্য গ্রহণ করা অপরিহার্য। সুমম খাদ্যের উপাদান ৬ টি। এগুলো হলো : শর্করা বা শ্বেতসার, আমিষ বা প্রোটিন, ভিটামিন বা খাদ্যপ্রাণ, খনিজ লবণ, ফ্যাট বা চর্বি বা পানি।

8)

পরমাণবিক চুল্লিতে তাপ পরিবাহক হিসাবে কোন ধাতু ব্যবহার করা হয়?

✓ 1)

সোডিয়াম

2)

পটাসিয়াম

3)

ম্যাগনেসিয়াম

4)

জিংক

9) কোন জারক রস পাকস্থলীতে দুগ্ধ জমাট বাঁধায়?

1)

পেপসিন

2)

এমাইলেজ

✓ 3)

বেনিন

4)

ট্রিপসিন

ব্যাখ্যা : পাকস্থলীতে দুগ্ধ জমাট বাঁধতে বেনিন নামক জারক রস প্রয়োজন হয়। অপরপক্ষে ট্রিপসিন এবং পেপসিন নামক এনজাইম প্রোটিন পরিপাকে এবং এমাইলেজ কার্বোহাইড্রেট পরিপাকে সহায়তা করে।

10) জারণ বিক্রিয়ায় কী ঘটে?

1)

ইলেক্ট্রন গ্রহণ

2)

ইলেক্ট্রন আদান-প্রদান

✓ 3)

ইলেক্ট্রন বর্জন

4)

শুধু তাপ উৎপন্ন হয়

ব্যাখ্যা : যে বিক্রিয়ায় কোনো রাসায়নিক সত্তা ইলেক্ট্রন প্রদান করে তাকে জারণ বলে এবং যে বিক্রিয়ায় কোনো রাসায়নিক সত্তা ইলেক্ট্রন গ্রহণ করে তাকে বিজারণ বলে। অর্থাৎ জারণ বিক্রিয়ায় ইলেক্ট্রনের বর্জন এবং বিজারণ বিক্রিয়ায় ইলেক্ট্রনের গ্রহণ ঘটে।

11) ফল পাকানোর জন্য দায়ী কী?

✓ 1)

ইথিলিন

2)

প্রপিন

3)

লাইকোপেন

4)

মিথিলিন

ব্যাখ্যা : কৃত্রিম ফল পাকানোর ক্ষেত্রে ইথিলিনের ব্যবহার পদ্ধতিটি বেশ নিরাপদ কারণ এখানে প্রাকৃতিক হরমোন কে ব্যবহার করা হয়। তবে ইথিলিন ব্যবহার করতে হয় খুব সাবধানে কারণ এটা flammable and

explosive । এটার পরিমিত ব্যবহার বিশ্বব্যাপী স্বীকৃত । ইথিফোন বাজারে বিভিন্ন বাণিজ্যিক নামে পাওয়া যায়, যেমন ইথরেল, ফ্লোরেল, রাসফোন ইত্যাদি।

12) গ্রীন হাউজে গাছ লাগানো হয় কেন?

1)

উষ্ণতা থেকে রক্ষার জন্য

✓ 2)

অত্যধিক ঠাণ্ডা থেকে রক্ষার জন্য

3)

আলো থেকে রক্ষার জন্য

4)

ঝর-বৃষ্টি থেকে রক্ষার জন্য

ব্যাখ্যা : শীতপ্রধান দেশ অত্যধিক ঠাণ্ডার কারণে গাছপালা জন্মাতে পারে না। তাই শীতপ্রধান দেশে অত্যধিক ঠাণ্ডা থেকে রক্ষা করার জন্য গ্রিন হাউজে গাছ লাগানো হয়। গ্রিন হাউজ হচ্ছে কাচের তৈরি বিশেষ এক ধরনের ঘর। সূর্য থেকে আগত ক্ষুদ্র তরঙ্গদৈর্ঘ্যের বিকীর্ণ তাপ কাচের মধ্য দিয়ে বাইরে যেতে পারে না। ফলে কাচের তৈরি গ্রিন হাউজটি বেশ গরম থাকে এবং এর ভিতরে লাগানো গাছপালাকে সব সময়ই প্রয়োজনীয় তাপমাত্রায় রাখে।

13) কোন কোন স্থানে সলিড ফিনাইল ব্যবহার করা হয়?

✓ 1)

পায়খানা, প্রস্রাবখানায়

2)

গোসলখানায়

3)

পুকুরে

4)

নালায়

ব্যাখ্যা : জীবাণুনাশক ও পরিষ্কারক হিসেবে সাধারণত পায়খানা - প্রস্রাবখানায় সলিড ফিনাইল ব্যবহার করা হয়।

14)

নিচের কোনটি ক্ষারকীয় অক্সাইড?

1)

P₄O₁₀

✓ 2)

MgO

3)

CO

4)

ZnO

15) রাসায়নিক অগ্নিনির্বাপক কাজ করে অগ্নিতে-

1)

হাইড্রোজেন সরবরাহ করে

2)

নাইট্রোজেন সরবরাহ করে

3)

অক্সিজেন সরবরাহ করে

✓ 4)

অক্সিজেন সরবরাহে প্রতিবন্ধকতা সৃষ্টি করে

ব্যাখ্যা : রাসায়নিক অগ্নিনির্বাপক জ্বলন্ত অগ্নিতে প্রচুর পরিমাণ কার্বন - ডাই অক্সাইডের সংমিশ্রণ ঘটিয়ে অক্সিজেন সরবরাহের প্রতিবন্ধকতা সৃষ্টির মাধ্যমে আগুনকে নিয়ন্ত্রণে আনে।

16) অ্যালুমিনিয়াম সালফেটকে চলতি বাংলায় কী বলে ?

✓ 1)

ফিটকিরি

2)

চুন

3)

সেভিং সোপ

4)

কস্টিক সোডা

ব্যাখ্যা : পটাসিয়াম অ্যালুমিনিয়াম সালফেটের কেলাসকে পটাস এলাম বলা হয়। বাংলা ভাষায় এর নাম ফিটকিরি এবং এর রাসায়নিক সংকেত হচ্ছে, $Al_2(SO_4)_3 \cdot K_2SO_4 \cdot 24H_2O$ । চুন হচ্ছে মূলত ক্যালসিয়াম হাইড্রোক্সাইড (NaOH) হচ্ছে একটি ক্ষার , যা কস্টিক সোডা নামে পরিচিত।

17) জমির লবণাক্ততা নিয়ন্ত্রণ করে কোনটি ?

- 1)
কৃত্রিম সার প্রয়োগ
- ✓ 2)
পানি সেচ
- 3)
জমিতে নাইট্রোজেন ধরে রাখা
- 4)
প্রাকৃতিক সার প্রয়োগ

ব্যাখ্যা : জমির লবণাক্ততা নিয়ন্ত্রণ করে পানি সেচ। জমি তৈরীর সময় ২/৩ বার স্বাদু পানি দিয়ে লবণাক্ত পানি বের করে দিলে জমির লবণাক্ততা অনেকটা কমে যায়।

18) সংকর ধাতু পিতলের উপাদান?

- 1)
তামা ও টিন
- ✓ 2)
তামা ও দস্তা
- 3)
তামা ও নিকেল
- 4)
তামা ও সিসা

ব্যাখ্যা : সংকর ধাতু পিতলের উপাদান হল - তামা ও দস্তা।

দুবা ততোধিক সংমিশ্রণে গঠিত সমসত্ত্ব ও অসমসত্ত্ব কঠিন পদার্থ কে সংকর ধাতু বলে। সংকর ধাতু পিতলের উপাদান হলো তামা ও দস্তা। তামা ও টিন মিশিয়ে ব্রোঞ্জ বা কাসা প্রস্তুত করা হয়

19)

আলফ্রেড নোবেল কী আবিষ্কার করেন?

✓ 1)

ডিনামাইট

2)

বিদ্যুৎ

3)

পোলিও টিকা

4)

কয়লা

ব্যাখ্যা :

আলফ্রেড নোবেল ডিনামাইট আবিষ্কার করেন। আলফ্রেড বের্নহার্ড নোবেল (জন্মঃ ২১ অক্টোবর, ১৮৩৩ - মৃত্যুঃ ১০ ডিসেম্বর, ১৮৯৬) একজন সুয়েডীয় রসায়নবিদ, প্রকৌশলী, উদ্ভাবক এবং অস্ত্র নির্মাতা। তিনি ডায়নামাইট আবিষ্কার করেন। তিনি ব্যবসায়েও বিশেষ প্রসিদ্ধি অর্জন করেছিলেন। বিখ্যাত ইস্পাত নির্মাতা প্রতিষ্ঠান বোফোর্স এর মালিক ছিলেন অনেকদিন, প্রতিষ্ঠানটিকে এক সময় অন্যতম বৃহৎ অস্ত্র নির্মাণকারী প্রতিষ্ঠানে পরিণত করেন। তার নামে ৩৫০টি ভিন্ন ভিন্ন পেটেন্ট ছিল যার মধ্যে সবচেয়ে বিখ্যাত হচ্ছে ডায়নামাইট। মৃত্যুর আগে উইল করে তিনি তার সুবিশাল অর্থ সম্পত্তি নোবেল ইনস্টিটিউট প্রতিষ্ঠার জন্য রেখে যান। উইলে আরও বলে যান, নোবেল ইনস্টিটিউটের কাজ হবে প্রতি বছর নোবেল পুরস্কার এর অর্থ প্রদান করা।

20) স্টিফেন হকিং বিশ্বের একজন অতিশয় বিখ্যাত _____

1)

দার্শনিক

✓ 2)

পদার্থবিদ

3)

কবি

4)

রসায়নিক

ব্যাখ্যা : স্টিভেন উইলিয়াম হকিং একজন ইংরেজ তাত্ত্বিক পদার্থবিজ্ঞানী, গণিতবিদ, বিশ্বতাত্ত্বিক ও বিজ্ঞান - বিষয়ক জনপ্রিয় ধারার লেখক। তাঁকে ২০শ শতকের অন্যতম সেরা তাত্ত্বিক পদার্থবিজ্ঞানীদের একজন হিসেবে গণ্য করা হয়। হকিং যুক্তরাজ্যের ইংল্যান্ডের ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের তাত্ত্বিক মহাবিশ্বতত্ত্ব গবেষণা কেন্দ্রের প্রধান ছিলেন।

21) ডায়াবেটিস রোগ সম্পর্কে যে তথ্যটি সত্য নয় তা হলো-

- 1) এ রোগ মানবদেহের কিডনি নষ্ট করে
- ✓ 2) চিনি জাতীয় খাবার বেশী খেলে এ রোগ হয়
- 3) এ রোগ হলে রক্তে গ্লুকোজের মাত্রা বৃদ্ধি পায়
- 4) ইনসুলিনের অভাবে এ রোগ হয়

ব্যাখ্যা : অল্পশয় হতে নিঃসৃত ইনসুলিন নামক হরমোনের অভাবে ডায়াবেটিকস রোগ হয়। এতে রক্তে গ্লুকোজের মাত্রা বেড়ে যায় এবং মূত্রের সাথে গ্লুকোজ বের হয়ে যেতে থাকে। দীর্ঘমেয়াদী অনিয়ন্ত্রিত থাকলে এই রোগে নানাবিধ জটিলতা দেখা দেয়। যেমন- স্ট্রোক, হার্ট এটাক, উচ্চ রক্তচাপ, কিডনি নষ্ট হওয়া ইত্যাদি। চিনি জাতীয় খাবার বেশী খেলে এ রোগ হয় এ কথা সত্য নয় তবে রক্তে গ্লুকোজের মাত্রা স্বাভাবিক রাখতে ডায়াবেটিকস রোগীদের চিনি জাতীয় খাবার যথাসম্ভব পরিহার করা উচিত।

22) কত বছর পর পর হ্যালির ধূমকেতু দেখা যায় ?

- 1)
৭০ বছর
- 2)
৬৫ বছর
- ✓ 3)
৭৬ বছর
- 4)
৮০ বছর

ব্যাখ্যা : হ্যালির ধূমকেতু (ইংরেজি ভাষায় : Halley's Comet), প্রতি ৭৫ - ৭৬ বছর পরপর পৃথিবীর আকাশে দৃশ্যমান হয়ে উঠা একটি ধূমকেতু। বিখ্যাত ইংরেজি জ্যোতির্বিজ্ঞানী এডমান্ড হ্যালির নামানুসারে এর নামকরণ করা হয়েছে। এর অফিসিয়াল ডেসিগনেশন হচ্ছে ১পি/হ্যালি। মাঝে মাঝে একে "কমেট হ্যালি" তথা "ধূমকেতু হ্যালি" নামে ডাকতে দেখা যায়। প্রতি শতাব্দীতেই আকাশে কোন কোন তারা অনেক উজ্জ্বলভাবে দৃশ্যমান হয়ে উঠে। এর অনেকগুলোই আবার দীর্ঘ সময় ধরে দৃশ্যমান থাকে। কিন্তু হ্যালির ধূমকেতু একমাত্র স্বল্পমেয়াদী ধূমকেতু যা খালি চোখেও স্পষ্ট দেখা যায়। সে হিসেবে এটি খালি চোখে দৃশ্যমান একমাত্র ধূমকেতু যা একজন মানুষের জীবদ্দশায় দুইবার দেখা দিতে পারে। ১৯৮৬ সালে সৌর জগৎতের অভ্যন্তরভাগে এই ধূমকেতুকে শেষবারের মত দেখা গিয়েছিল। ২০৬১ সালে এটি আবার পৃথিবীর আকাশে দেখা দেবে।

23)

চাঁদ দিগন্তের কাছে অনেক বড় দেখায় কেন?

- ✓ 1)
বায়ুমণ্ডলীয় প্রতিসরণ

2)

আলোর বিচ্ছুরণে

3)

অপারতনে

4)

দৃষ্টিভ্রমে

24) নবায়নযোগ্য জ্বালানি কোনটি?

✓ 1)

পরমাণু শক্তি

2)

কয়লা

3)

পেট্রোল

4)

প্রাকৃতিক গ্যাস

ব্যাখ্যা : নবায়নযোগ্য জ্বালানি বা রিনিউয়েবল এনার্জি হলো এমন শক্তির উৎস যা স্বল্প সময়ের ব্যবধানে পুনরায় ব্যবহার করা যায় এবং এর ফলে শক্তির উৎসটি নিঃশেষ হয়ে যায় না। বিভিন্ন প্রাকৃতিক উৎস যেমন : সূর্যের আলো ও তাপ, বায়ু প্রবাহ, জলপ্রবাহ, জৈব শক্তি (বায়োগ্যাস, বায়োম্যাস, বায়োফুয়েল), ভূ - তাপ, সমুদ্র তরঙ্গ, সমুদ্র - তাপ, জোয়ার - ভাটা, শহুরে আবর্জনা, হাইড্রোজেন ফুয়েল সেল ইত্যাদি নবায়নযোগ্য শক্তির উৎস হিসেবে বিবেচিত হয়।

25) ডেস্ক জুরের বাহক কোন মশা?

1)

কিউলেক্র

✓ 2)

এডিস

3)

সেডিং সোপ

4)

সব ধরনের মশা

ব্যাখ্যা : ডেঙ্গু জ্বর (সমার্থক ভিন্ন বানান ডেঙ্গি) একটি এডিস মশা বাহিত ডেঙ্গু ভাইরাস জনিত গ্রীষ্মমণ্ডলীয় রোগ। এডিস মশার কামড়ে মাধ্যমে ভাইরাস সংক্রমণের তিন থেকে পনেরো দিনের মধ্যে সচরাচর ডেঙ্গু জ্বরের উপসর্গগুলো দেখা দেয়। উপসর্গগুলির মাঝে রয়েছে জ্বর, মাথাব্যথা, বমি, পেশিতে ও গাঁটে ব্যথা এবং গাত্রচর্মে ফুসকুড়ি। দুই থেকে সাত দিনের মাঝে সাধারণত ডেঙ্গু রোগী আরোগ্য লাভ করে। কিছু কিছু ক্ষেত্রে রোগটি মারাত্মক রক্তক্ষরী রূপ নিতে পারে যাকে ডেঙ্গু রক্তক্ষরী জ্বর (ডেঙ্গু হেমোরেজিক ফিভার) বলা হয়। এর ফলে রক্তপাত হয়, রক্ত অনুচক্রিকার মাত্রা কমে যায় এবং রক্ত প্লাজমার নিঃসরণ ঘটে। কিছু কিছু ক্ষেত্রে কখনোবা ডেঙ্গু শক সিনড্রোম দেখা দেয়। ডেঙ্গু শক সিনড্রোমে রক্তচাপ বিপজ্জনকভাবে কমে যায়।

26) সূর্য-পৃষ্ঠের উত্তাপ কত?

✓ 1)

৬০০০ ডিগ্রী সেন্টিগ্রেড

2)

৮০০০ ডিগ্রী সেন্টিগ্রেড

3)

১০০০০ ডিগ্রী সেন্টিগ্রেড

4)

১২০০০ ডিগ্রী সেন্টিগ্রেড

ব্যাখ্যা : সূর্য পৃষ্ঠের উত্তাপ প্রায় ৬,০০০ ডিগ্রি সেন্টিগ্রেড (সেলসিয়াস) বা ১০,০০০ ডিগ্রি ফারেনহাইট এবং সূর্যের কেন্দ্রভাগের তাপমাত্রা প্রায় ১৫,০০০০০ কেলভিন। সূর্যের ভর প্রায় ১.৯৯×১০৩৩ কিলোগ্রাম। আমাদের পৃথিবীসহ সৌরজগতের অন্যান্য গ্রহ ও উপগ্রহের তাপ ও আলোর মূল উৎস হলো সূর্য।

27)

সবচেয়ে শক্তিশালী সৌরচুম্বী তৈরি করা হয়েছে কোন রাষ্ট্রে?

✓ 1)

যুক্তরাষ্ট্র

2)

ভারত

3)

জাপান

4)

নেপাল

ব্যাখ্যা :

বিশ্বের সবচেয়ে শক্তিশালী Solar Power Station এর নাম হচ্ছে SEGs (Solar Energy Generating Systems), যা মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের মোজাব (Mojave) মরুভূমিতে অবস্থিত।

এটি প্রকৃতপক্ষে কোনো একক পাওয়ার প্লান্ট নয়, বরং এটি একত্রে নয়টি পাওয়ার প্লান্ট সহযোগে একটি সোলার পাওয়ার স্টেশন এবং এর মোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৩৫৪ মেগাওয়াট।

28) রঙ্গিন টেলিভিশন থেকে ক্ষতিকর রশ্মি বের হয়?

- 1) গামা রশ্মি
- 2) বিটা রশ্মি
- 3) কসমিক রশ্মি
- ✓ 4) রঞ্জন রশ্মি

ব্যাখ্যা : টিভির পর্দায় ফসফর থাকে, ইলেকট্রন যখন এই ফসফরকে আঘাত করে তখন এখান থেকে মৃদু রঞ্জনরশ্মি নির্গত হয়, এটার পরিমাণ এতই ক্ষুদ্রতর যা উপেক্ষা করা যায়। সাধারণত CRT মনিটর থেকে মৃদু রঞ্জনরশ্মি নির্গত হয় কিন্তু আধুনিক এলসিডি/এলইডি মনিটর থেকে কোন ক্ষতিকারক রশ্মি নির্গত হয় না।

29) বৈদ্যুতিক হিটার ও ইস্তিতে কোন্ ধাতুর তার ব্যবহার করা হয়?

- 1) তামা
- ✓ 2) নাইক্রোম
- 3) স্টেনিয়াম
- 4) প্লাটিনাম

ব্যাখ্যা : বৈদ্যুতিক হিটার ও বৈদ্যুতিক ইস্তিতে তাপ উৎপাদনের জন্য উচ্চ গলনাংক ও উচ্চ আপেক্ষিক রোধ বিশিষ্ট নাইক্রোমের তার ব্যবহৃত হয়। তামা দিয়ে বিদ্যুৎবাহী তার, বৈদ্যুতিক কয়েল, বিভিন্ন সংকর ধাতু ইত্যাদি তৈরি করা হয়।

30)

এনজিওপ্লাস্টি হচ্ছে _____

✓ 1)

হৃৎপিণ্ডের বন্ধ শিরা বেলুনের সাহায্যে ফুলানো

2)

হৃৎপিণ্ডে নতুন শিরা সংযোজন

3)

হৃৎপিণ্ডের মৃত টিস্যু কেটে ফেলে দেয়া

4)

হৃৎপিণ্ডের টিস্যুতে নতুন টিস্যু সংযোজন

31)

পৃথিবীতে সবচেয়ে বেশি ধাতু কোনটি?

✓ 1)

লোহা

2)

সিলিকন

3)

পারদ

4)

পারদ

32) জোয়ারের কত সময় পর ভাটার সৃষ্টি হয়?

✓ 1)

৬ ঘণ্টা ১৩ মিনি.

2)

৮ ঘণ্টা

3)

১২ ঘণ্টা

4)

১৩ ঘণ্টা ১৫ মি.

ব্যাখ্যা : জোয়ারের ৬ ঘণ্টা ১৩ মি. সময় পর ভাটার সৃষ্টি হয়.

এবং এক জোয়ার বা ভাটার পর আবার জোয়ার বা ভাটার সৃষ্টি হয় ১২ ঘণ্টা ২৬ মিনিট পর পর। অর্থাৎ দিনে দুবার জোয়ার ভাটা হয়।

33) কোন ধাতু পানি অপেক্ষা হালকা?

1)

ম্যাগনেসিয়াম

2)

ক্যালসিয়াম

✓ 3)

সোডিয়াম

4)

পটাশিয়াম

ব্যাখ্যা : সোডিয়াম ও পটাশিয়াম উভয় ধাতুই পানির চেয়ে হালকা। এদের ঘনত্ব যথাক্রমে ০.৯৭ গ্রাম/সিসি ও ০.৮৬২ গ্রাম/সিসি। ম্যাগনেসিয়াম ও ক্যালসিয়াম পানি অপেক্ষা ভারী। এদের ঘনত্ব যথাক্রমে ১.৭৪ গ্রাম/সিসি ও ১.৫৪ গ্রাম/সিসি। উল্লেখ্য, পানির ঘনত্ব ১ গ্রাম/সিসি।

34) কিসের অভাবে ফসলের পরিপক্বতা বিলম্বিত হয়?

1)

দস্তা

✓ 2)

সালফার

3)

নাইট্রোজেন

4)

পটাশিয়াম

ব্যাখ্যা : সালফারের অভাবজনিত লক্ষণ নাইট্রোজেনের সাথে সাদৃশ্যপূর্ণ ; তবে পার্থক্য হলো নাইট্রোজেনের অভাবে প্রথমে গাছের পুরাতন পাতা হলুদ হয়ে যায় এবং সালফারের অভাবে গাছের নতুন গজানো পাতা হলুদ হয়। ধান গাছের উচ্চতা, কুশির সংখ্যা, শিষের আকার খাটো এবং প্রতি শিষে দানার সংখ্যা কমে যাওয়াসহ জমির ধান সাধারণত ১ - ২ সপ্তাহ পরে পাকে। বীজতলায় এর অভাব হলে চারা হলুদ হয়ে যায়। চারা রোপণের ২ - ৪ সপ্তাহ পরে ধান গাছে দস্তার অভাব দেখা যায় এবং সে ক্ষেত্রে কচি পাতার গোড়া সাদা হয়ে যায়। পুরাতন পাতা মরচে পড়া বাদামি থেকে হলুদে কমলা লেবুর মতো রঙ ধারণ করে। পাতার আকার ছোট ও সরু হয়। গাছের বৃদ্ধি সুস্থ হয় না। মাঠের মধ্যে স্থানে স্থানে উচ্চতার ভিন্নতা দেখে মনে হয় গাছগুলো মাঝে মাঝে বসে গেছে। গাছে রোগবালাইয়ের প্রকোপ বেশি দেখা যায়।

35)

কোন বিজ্ঞানী রোগজীবাণু তত্ত্ব উদ্ভাবন করেন?

✓ 1)

লুইপাস্তর

2)

ডারউইন

3)

প্রিস্টলী

4)

ল্যাভয়েসিয়ে

36) কোন মাধ্যমে শব্দের গতি সর্বাপেক্ষা কম?

1)

শূন্যতায়

2)

কঠিন পদার্থে

3)

তরল পদার্থে

✓ 4)

বায়বীয় পদার্থে

ব্যাখ্যা : বায়বীয় মাধ্যমে শব্দের দ্রুতি সবচেয়ে কম এবং শূন্যস্থানে শব্দের বেগ শূন্য। বাতাসে শব্দের গতি ঘণ্টায় ৭৫৭ মাইল। লোহার মধ্যদিয়ে শব্দ বাতাসের চেয়ে ১৫ গুণ দ্রুত চলে।

37)

পৃথিবীর প্রথম বাণিজ্যিক যোগাযোগ কৃত্রিম উপগ্রহ কোনটি?

✓ 1)

আলিবার্ড হল

2)

এস্টেলার হল

3)

ওয়েরী হল

4)

কসমস

38)

ফটোইলেকট্রিক কোষের ওপর আলোক পড়লে কী উৎপন্ন হয়?

✓ 1)

বিদ্যুৎ

2)

তাপ

3)

চুম্বক

4)

কিছু হয় না

♣ উত্তরপত্র

৩১-৩২ তম বিসিএস সাধারণ বিজ্ঞান

Total questions : 35 Total marks : 35

1) বিদ্যুতের উচ্চতম ভোল্ট থেকে নিম্নতর ভোল্ট পাওয়া যায় -

1)

ট্রান্সমিটারের সাহায্যে

2)

স্টেপ আপ ট্রান্সফরমারের সাহায্যে

✓ 3)

স্টেপ ডাউন ট্রান্সফরমারের সাহায্যে

4)

এডাপ টরের সাহায্যে

ব্যাখ্যা :

ট্রান্সফর্মার দুই প্রকার।

- স্টেপ ডাউন বা নিম্নধাপী
- স্টেপ আপ বা উচ্চধাপী

উচ্চতর ভোল্ট থেকে নিম্ন ভোল্ট পাওয়া যায় এবং স্টেপ আপ বা উচ্চধাপী- নিম্ন ভোল্ট থেকে উচ্চতর ভোল্ট পাওয়া যায়

2) কৃষি জমিতে প্রধানত চুন ব্যবহার করা হয় -

1)

মাটির ক্ষয় রোধের জন্য

2)

মাটির অম্লতা বৃদ্ধির জন্য

✓ 3)

মাটির অম্লতা হ্রাসের জন্য

4)

মাটির জৈব পদার্থ বৃদ্ধির জন্য

ব্যাখ্যা :

মাটি অম্লধর্মী না ক্ষারধর্মী তা pH দ্বারা পরিমাপ করা হয়।

মাটির pH 7 হলে তা নিরপেক্ষ হয়।

pH 7 থেকে যত কমতে থাকে অম্লতা তত বৃদ্ধি পায় এবং 9 থেকে বেশি হলে ক্ষারকত্ব বৃদ্ধি পায়।

মাটির অম্লত্ব বেড়ে গেলে তাতে চুন প্রয়োগ করে তা প্রশমন করা হয়।

3) অপটিক্যাল ফাইবারে আলোর কোট ঘটনাটি ঘটে?

1)

প্রতিসরণ

2)

বিচ্ছুরণ

3)

অপবর্তন

✓ 4)

অভ্যন্তরীণ প্রতিফলন

ব্যাখ্যা : আলোক রশ্মি যখন ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে ক্রান্তি কোণের চেয়ে বড় মানের কোনে আপাতিত হয় তখন প্রতিসরণের পরিবর্তে আলোকরশ্মি সম্পূর্ণরূপে ঘন মাধ্যমে অভ্যন্তরীণ প্রতিফলন হয়। এই ঘটনাকে পূর্ণঅভ্যন্তরীণ প্রতিফলন বলে। অপটিক্যাল ফাইবারে আলোর পূর্ণঅভ্যন্তরীণ প্রতিফলন ঘটে।

4) কোনটি অর্ধ-পরিবাহী নয়?

1)

সিলিকন

✓ 2)

লোহা

3)

গ্যালিয়াম

4)

ক্যালসিয়াম

ব্যাখ্যা :

অর্ধপরিবাহী হলো সেই বস্তু যার পরিবাহকত্ব অন্তরকের চেয়ে বেশি কিন্তু পরিবাহকের তুলনায় কম। তড়িৎ প্রবাহ নিয়ন্ত্রণের ক্ষেত্রে অর্ধপরিবাহী পদার্থের ভূমিকা গুরুত্বপূর্ণ।

- সিলিকন
- জার্মেনিয়াম
- গ্যালিয়াম
- গ্যালিয়াম ইত্যাদি অর্ধপরিবাহী।

লোহা অর্ধপরিবাহী নয়। লোহা তড়িৎ পরিবাহক।

5) ভারি পানির সংকেত হচ্ছে--

- 1)
 $2H_2O_2$
- 2)
 H_2O
- ✓ 3)
 D_2O
- 4)
 HD_2O_2

ব্যাখ্যা :

ভারি পানি (ডিউটেরিয়াম অক্সাইড) : H_2O বা D_2O হলো পানির একটি গঠন, যাতে হাইড্রোজেন আইসোটোপ ডিউটেরিয়াম (H বা D, ভারি হাইড্রোজেন নামেও পরিচিত) স্বাভাবিকের চেয়ে অধিক পরিমাণে থাকে এবং সাধারণ পানির অধিকাংশ হাইড্রোজেন গঠনকারী হাইড্রোজেন-১ আইসোটোপ (1H বা H, প্রোটিয়াম নামেও পরিচিত) তুলনামূলকভাবে কম থাকে।

6)

অপটিক্যাল ফাইবার হচ্ছে -

- ✓ 1)
খুব সফ ও নমনীয় কাঁচ তন্তুর আলোক নল
- 2)
খুব সূক্ষ্ম সুপরিবাহী তামার তার তন্তু নল
- 3)
খুব সফ এসবেস্টস ফাইবার নল

4)

সূক্ষ্ম প্লাস্টিক ঘটিত নল

ব্যাখ্যা :

- অপটিক্যাল ফাইবার হচ্ছে খুব সরু এবং নমনীয় কাঁচ তন্তু।
- দুটি ভিন্ন ঘনত্বের কাঁচ সমন্বয়ে অপটিক্যাল ফাইবার তৈরী করা হয়।
- আলোকবহনের কাজে এটি ব্যবহৃত হয়। পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের প্রযুক্তি কাজে লাগিয়ে অপটিক্যাল ফাইবার কাজ করে।

7)

সমুদ্রে দ্রাঘিমাংশ নির্ণয় এর নাম -

✓ 1)

ক্রোনোমিটার

2)

কম্পাস

3)

সিসমোগ্রাফ

4)

সেক্সট্যান্ট

ব্যাখ্যা :

- .যে সূক্ষ্ম যন্ত্রের সাহায্যে সঠিকভাবে কাল নিরূপণ করে সাগরবক্ষে দ্রাঘিমাংশ নির্ণয় করা যায় তাকে ক্রোনোমিটার বলে।
- কম্পাস হচ্ছে দিক নির্দেশক যন্ত্র।
- সিসমোগ্রাফ ভূমিকম্পের মাত্রা নির্ণায়ক যন্ত্র।
- সেক্সট্যান্ট হলো কোনো স্থানের অক্ষাংশ নির্ণয় করার যন্ত্র।

8)

কোনটি জৈব অম্ল ?

1)

নাইট্রিক এসিড

2)

হাইড্রোক্লোরিক এসিড

✓ 3)

এসিটিক এসিড

4)

সালফিউরিক এসিড

9) উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র _____

1)

ওডোমিটার

2)

ক্রনমিটার

3)

ট্যাকোমিটার

✓ 4)

ফেসকোগ্রাফ

ব্যাখ্যা :

উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্রের নাম ফেসকো গ্রাফ ওডোমিটার মোটর গাড়ির গতি নির্ণায়ক যন্ত্র। ক্রনমিটার সমুদ্রের দ্রাঘিমা পরিমাপক যন্ত্র। ট্যাকোমিটার উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র।

10)

'এপিকালচার' বলতে বুঝায় -

1)

বেশমের চাষ

2)

মৎস্য চাষ

✓ 3)

মৌমাছির চাষ

4)

পাখিপালন বিদ্যা

ব্যাখ্যা :

- মৌমাছি পালন বিদ্যা- এপিকালচার
- মৎস্য চাষ বিদ্যা- পিসিকালচার
- পাখি পালন বিদ্যা- এডিকালচার
- বেষম চাষ বিদ্যা- সেরিকালচার
- ব্যাঙ চাষ বিদ্যা- ফ্ৰগকালচার
- চিংড়ি চাষ বিদ্যা- প্রনকালচার
- মুক্তা চাষ বিদ্যা- পার্লকালচার

11)

স্বপের খাদ বের করতে কোন অ্যাসিড ব্যবহার করা হয়?

- 1) সাইট্রিক অ্যাসিড
- ✓ 2) নাইট্রিক অ্যাসিড
- 3) হাইড্রোক্লোরিক অ্যাসিড
- 4) টারটারিক অ্যাসিড

12) দুধে থাকে _____

- 1) সাইট্রিক এসিড
- ✓ 2) ল্যাকটিক এসিড
- 3) নাইট্রিক এসিড
- 4) এসিটিক এসিড

ব্যাখ্যা : দুধে থাকে ল্যাকটিক এসিড। সাইট্রিক এসিড ও এসিটিক এসিড পাওয়া যায় যথাক্রমে লেবু ও ভিনেগারে।

13) জারণ বিক্রিয়ায় ঘটে--

✓ 1)

ইলেকট্রন বর্জন

2)

ইলেকট্রন গ্রহণ

3)

ইলেকট্রন আদান প্রদান

4)

তড়িৎ ধনাত্মক মৌলের বা মূলকের অপসারণ

ব্যাখ্যা : যে বিক্রিয়ায় কোনো রাসায়নিক সত্তা ইলেকট্রন প্রদান করে তাকে জারণ বলে এবং যে বিক্রিয়ায় কোনো রাসায়নিক সত্তা ইলেকট্রন গ্রহণ করে তাকে বিজারণ বলে। অর্থাৎ জারণ বিক্রিয়ায় ইলেকট্রনের বর্জন এবং বিজারণ বিক্রিয়ায় ইলেকট্রনের গ্রহণ ঘটে।

14)

যকৃতের রোগ কোনটি?

✓ 1)

জন্ডিস

2)

টাইফয়েড

3)

হাম

4)

কলেরা

15)

বিগ ব্যাং তত্ত্বের আধুনিক তত্ত্ব ব্যাখ্যা উপস্থাপন করেছেন-

✓ 1)

স্টিফেন হকিং

2)

জি লেমেটার

3)

আব্দুস সালাম

4)

এডুইন হাবল

ব্যাখ্যা :

পদার্থবিজ্ঞানী স্টিফেন হকিং তার 'A Brief History of Time' গ্রন্থে 'বিগ ব্যাং' তত্ত্বের পক্ষে যুক্তি দেন এবং পদার্থ বিদ্যার দৃষ্টিকোণ থেকে এর ব্যাখ্যা উপস্থাপন করেন।

16) পারস্পরিক আবেশকে ব্যবহার করা হয় কোনটিতে?

1)

ডায়োড

✓ 2)

ট্রান্সফরমার

3)

ট্রানজিস্টার

4)

অ্যামপ্লিফায়ার

ব্যাখ্যা : পারস্পরিক আবেশ ব্যবহৃত হয় ট্রান্সফরমারে।

এতে দুটি কুণ্ডলী থাকে।

প্রথম কুণ্ডলীটিকে মূখ্য কুণ্ডলী এবং দ্বিতীয়টিকে যার মধ্যে তড়িচ্চালক আবিষ্ট হয় তাকে গৌণ কুণ্ডলী বলে।

মূখ্য কুণ্ডলীতে তড়িৎ প্রবাহিত করলে একটি চৌম্বক ক্ষেত্র সৃষ্টি হয়।

17) ভূপৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগস্থলকে কী বলে?

✓ 1)

ছায়াবৃত্ত

2)

গুরুবৃত্ত

3)

উষা

4)
গোধূলি

ব্যাখ্যা : ভূপৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগস্থলকে ছায়াবৃত্ত বলে। সূর্য সকালে দিগন্তের উপরে ওঠার আগে উষা এবং সন্ধ্যার দিগন্তের নিচে নেমে যাবার পর কিছুক্ষণ বিক্ষিপ্ত সৌরভ আকাশে আলো থাকে, এ সময়কে গোধূলি বলে।

18) হীরক উজ্জ্বল দেখায় কারণ -

- ✓ 1)
পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের জন্য
- 2)
প্রতিসরণের জন্য
- 3)
প্রতিফলনের জন্য
- 4)
অপবর্তনের জন্য

ব্যাখ্যা :

একটি হীরক খণ্ডের ভেতরের বিভিন্ন পার্শ্ব হতে আলোক রশ্মির পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটে থাকে। এজন্যই হীরকের ওপর কোন আলোক রশ্মি পড়লে হীরকে খুবই উজ্জ্বল দেখায়।

19) কোলেস্টেরল এক ধরনের-

- ✓ 1)
অসম্পৃক্ত এলকোহল
- 2)
জৈব এসিড
- 3)
পলিমার
- 4)
এমিনো এসিড

ব্যাখ্যা :

কোলেস্টেরল এক ধরনের চর্বিজাতীয়, তৈলাক্ত স্টেরয়েড যা কোষের ঝিল্লি বা (সেল মেমব্রেনে)-এ পাওয়া যায় এবং যা সব প্রাণীর রক্তে পরিবাহিত হয়। স্তন্যপায়ী প্রাণীদের সেল মেমব্রেনের এটি একটি অত্যাবশ্যক উপাদান।

- স্টেরলগুলোকে কঠিন বা অসম্পৃক্ত অ্যালকোহল বলা হয়।

রক্তে কোলেস্টেরলের মাত্রা বেড়ে গেলে উচ্চ রক্তচাপ, স্ট্রোক, হার্ট এ্যাটাক ইত্যাদি রোগের আশংকা বেড়ে যায়।

20) বৈদ্যুতিক মিটারে এক ইউনিট বিদ্যুৎ খরচ বলতে বুঝায় _____

✓ 1)

এক কিলোওয়াট ঘন্টা

2)

এক ওয়াট-ঘন্টা

3)

এক কিলোওয়াট

4)

এক ওয়াট

ব্যাখ্যা : এক কিলোওয়াট ঘন্টা হলো শক্তির একক, যা ৩৬০০০০০ জুল শক্তি বা ১০০০ ওয়াট ক্ষমতায় ১ ঘন্টায় খরচকৃত বিদ্যুতের পরিমাণ। তাই এক কিলোওয়াট ঘন্টাকে এক ইউনিট বিদ্যুৎ খরচ বোঝায়।

21)

বায়ুমণ্ডলে যে স্তরে বেতার তরঙ্গ প্রতিফলিত হয় -

1)

স্ট্যাটোস্ফিয়ার

2)

ট্রোপোস্ফিয়ার

✓ 3)

আয়োনোস্ফিয়ার

4)

ওজোনস্তর

ব্যাখ্যা :

বায়ুমণ্ডলের আয়নোশ্ফিয়ার স্তরে আয়নের আধিক্যের ফলে বেতার তরঙ্গগুলো এ স্তরে প্রতিফলিত হয়ে পুনরায় পৃথিবীতে ফিরে আসে।

- বায়ুমণ্ডলের ওজোন স্তরের উপরে প্রায় ২২ মেইল পর্যন্ত বিস্তৃত যে স্তর সেটাই আয়ন স্তর নামে পরিচিত।

22) এন্টিবায়োটিকের কাজ ____

- 1) রোগ প্রতিরোধের ক্ষমতা বৃদ্ধি করা
- ✓ 2) জীবাণু ধ্বংস করা
- 3) ভাইরাস ধ্বংস করা
- 4) দ্রুত রোগ নিরাময় করা

ব্যাখ্যা : ক্ষতিকর নয় মেন ছত্রাক ও ব্যাকটেরিয়া হতে প্রাপ্ত যেসব রাসায়নিক পদার্থ ব্যাকটেরিয়ার মতো ক্ষুদ্র ক্ষুদ্র রোগ জীবাণুকে ধ্বংস করে কিংবা এদের বংশবৃদ্ধি রোধ করে সেসব পদার্থকে এন্টিবায়োটিক বলে।

23) আকাশে বিদ্যুৎ চমকায় -

- ✓ 1) মেঘের অসংখ্য জলকণা /বরফ কণার মধ্যে চার্জ সঞ্চিত হলে
- 2) দুই খণ্ড মেঘ পরস্পর সংঘর্ষ হলে
- 3) মেঘের মধ্যে বিদ্যুৎ কোষ তৈরি হলে
- 4) মেঘ বিদ্যুৎ পরিবাহী অবস্থায় এলে

ব্যাখ্যা :

যখন আকাশে অনেক মেঘ করে তখন জলীয়বাষ্পগুলো এত ঠান্ডা হয়ে যায় যে বরফের আকার ধারণ করে এবং এগুলোর মধ্যে পারস্পরিক সংঘর্ষ সৃষ্টি হয়।

- 'ধনাত্মক' ও 'ঋণাত্মক' চার্জযুক্ত দুটি মেঘ কাছাকাছি আসলে আকর্ষণের ফলে চার্জ এক মেঘ থেকে অন্য মেঘে দ্রুত ছুটে যায়।
- ইলেক্ট্রনের চার্জ এক মেঘ থেকে অন্য মেঘে দ্রুত ছুটে যায়। ফলে ইলেক্ট্রনের (চার্জ) গতিপথে যে তীব্র আলোক উৎপন্ন হয় তাকে বিজলী চমকানো বলে।

24)

মাশরুম এক ধরনের _____

- 1) অপুষ্পক উদ্ভিদ
- 2) পরজীবী উদ্ভিদ
- ✓ 3) ফাঙ্গাস
- 4) অর্কিড

25) মানব দেহে সাধারণভাবে ক্রোমোজোম থাকে-

- 1) ২৫ জোড়া
- 2) ২৪ জোড়া
- ✓ 3) ২৩ জোড়া
- 4) ২২ জোড়া

ব্যাখ্যা :

মানবদেহে সাধারণত ২৩ জোড়া ক্রোমোজোম থাকে। এর মধ্যে ২২ জোড়া স্ত্রী ও পুরুষে একইরকম। এদের অটোজোম বলা হয়। বাকি এক জোড়া মানুষের লিঙ্গ নির্ধারণ করে বলে এদের সেক্স ক্রোমোজোম বলে।

26) মৌমাছির চাষ হল _____

- 1)
হটিকালচার
- 2)
সেরিকালচার
- 3)
পিসিকালচার
- ✓ 4)
এপিকালচার

ব্যাখ্যা : এপিকালচার (Apiculture) মৌমাছি চাষ। সেরিকালচার ও পিসিকালচার হলো যথাক্রমে বেশম চাষ ও মৎস্য চাষ।

27)

প্রবল জোয়ারের কারণ, যখন—

- 1)
সূর্য ও চন্দ্রের পৃথিবীর সঙ্গে সমকোণে অবস্থান করে
- 2)
চন্দ্র পৃথিবীর সবচেয়ে কাছে অবস্থান করে
- 3)
পৃথিবী সূর্যের সবচেয়ে কাছে থাকে
- ✓ 4)
সূর্য, চন্দ্র ও পৃথিবী যথাক্রমে এক সরলরেখায় অবস্থান করে

ব্যাখ্যা :

- অমাবস্যায় চন্দ্র ও সূর্য পৃথিবীর একই দিকে অবস্থান করে।
- এর ফলে চন্দ্র ও সূর্যের আকর্ষণ শক্তি একই দিক হতে একই সাথে কার্যকরী হয়।
- সূর্যের আকর্ষণ চন্দ্রের আকর্ষণের কম হলেও এ সময় উভয়ের মিলিত শক্তিতে আকর্ষণ আর ও প্রবল হয়।
- ঐদিন চন্দ্র ও সূর্যের দিকে পূর্ণিমার দিন অপেক্ষা ও জোয়ার বেশি হয়।

28)

বাসা বাড়ীতে সরবরাহকৃত বিদ্যুতের ফ্রিকোয়েন্সি হলো _____

✓ 1)

৫০ হার্জ

2)

১০০ হার্জ

3)

২০০ হার্জ

4)

২২০ হার্জ

29) কোন নিষ্ক্রিয় গ্যাসে আটটি ইলেকট্রন নেই ?

✓ 1)

হিলিয়াম

2)

নিয়ন

3)

আর্গন

4)

জেনন

ব্যাখ্যা :

- প্রতীক— He।
- এটি পর্যায় সারণি ১ম পর্যায়ের শূন্য গ্রুপ-২ এ অবস্থিত।
- মৌলিক পদার্থের মধ্যে একমাত্র হাইড্রোজেনের চেয়ে হালকা।
- হিলিয়াম একটি বর্ণহীন, গন্ধহীন এবং স্বাদহীন নিষ্ক্রিয় গ্যাস।
- এর পারমাণবিক সংখ্যা ২।

30) সংকর ধাতু পিতলের উপাদান?

1)

তামা ও টিন

✓ 2)

তামা ও দস্তা

3)

তামা ও নিকেল

4)

তামা ও সিসা

ব্যাখ্যা : সংকর ধাতু পিতলের উপাদান হল - তামা ও দস্তা।

দুবা ততোধিক সংমিশ্রণে গঠিত সমসত্ত্ব ও অসমসত্ত্ব কঠিন পদার্থ কে সংকর ধাতু বলে। সংকর ধাতু পিতলের উপাদান হলো তামা ও দস্তা। তামা ও টিন মিশিয়ে ব্রোঞ্জ বা কাসা প্রস্তুত করা হয়

31) কোন আলোক তরঙ্গে মানব চোখে দেখতে পাওয়া যায়?

1)

১০ থেকে ৪০০ নেমি

✓ 2)

৪০০ থেকে ৭০০ নেমি

3)

১০০ মাইক্রোমিটার থেকে ১ মি.

4)

১ মি এর ঊর্ধে

ব্যাখ্যা :

দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্য হচ্ছে ৪০০ থেকে ৭০০ ন্যানোমিটার পর্যন্ত। দৃশ্যমান আলোর মধ্যে লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি এবং বেগুনি আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম।

32) ডায়োড সবচেয়ে বেশী ব্যবহৃত হয় _____

1)

ক্যাপাসিটর হিসেবে

2)

ট্রান্সফরমার হিসেবে

3)

রেজিস্টার হিসেবে

✓ 4)

বেক্টিফায়ার হিসেবে

ব্যাখ্যা : ডায়োট দুটি ইলেক্ট্রোড বিশিষ্ট (ক্যাথোড ও অ্যানোড) ইলেক্ট্রনিক টিউব।
ক্যাথোড ইলেক্ট্রন নিঃসরক এবং অ্যানোড ইলেক্ট্রন সংগ্রাহক হিসেবে কাজ করে।
তড়িৎ প্রবাহ একমুখীকরণে ডায়োড একমুখীকারক বা বেক্টিফায়ার হিসেবে ব্যবহৃত হয়।

33) কাজ ও বলের একক যথাক্রমে-

1)

নিউটন ও মিটার

✓ 2)

জুল ও ডাইন

3)

ওয়াট ও পাউন্ড

4)

প্যাসকেল ও কিলোগ্রাম

ব্যাখ্যা :

এসআই পদ্ধতিতে বলের একক নিউটন

- দৈর্ঘ্যের একক মিটার
- কাজের একক জুল
- ক্ষমতার একক ওয়াট
- চাপের একক প্যাসকেল
- ভরের একক কিলোগ্রাম

C.G.S পদ্ধতিতে বলের একক ডাইন এবং F.P.S পদ্ধতিতে ভরের একক পাউন্ড।

কাজ ও বলের একক যথাক্রমে জুল ও ডাইন।

34)

যে বায়ু সর্বদাই উচ্চচাপ অঞ্চল হতে নিম্নচাপ অঞ্চলের দিকে প্রবাহিত হয় তাকে বলা হয়-

1)

আয়না বায়ু

2)

প্রত্যয়ন বায়ু

3)

মৌসুমী বায়ু

✓ 4)

নিয়ত বায়ু

35) আইসোটোপের ক্ষেত্রে কোনটি সঠিক ?

1)

ভর সংখ্যা সমান থাকে

2)

নিউট্রন সংখ্যা সমান থাকে

3)

প্রোটন ও নিউট্রন সংখ্যা সমান থাকে

✓ 4)

প্রোটন সংখ্যা সমান থাকে

ব্যাখ্যা :

যেসব পরমাণুর ভর সংখ্যা সমান তাদের বলে আইসোবার। যেসব পরমাণুর প্রোটন সংখ্যা সমান থাকে তাদের বলে আইসোটোপ।

- আইসোটোপ হলো একই মৌলিক পদার্থের ভিন্ন ভিন্ন পরমাণু যাদের পারমাণবিক সংখ্যা একই তবে নিউক্লিয়াসে নিউট্রনের সংখ্যা ভিন্ন।